STUDY_MATERIALS_LINK
PSC_GROUP D_RAIL
TARGET__WBTET
TET__পর্যালোচনা
GK+GI+GS+CA

দাম : ৪ টাকা

# কর্মসংস্থান

https://karmosangsthan.com

Vol. 33 ■ Issue No. 8 ■ 22nd February, 2020 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

ভেতরের পাতায়

- ISI-তে স্ট্যাটিস্টিক্স ও অঙ্কের ডিগ্রি কোর্স
- ২০২০ সালের সিভিল সার্ভিস ও ফরেস্ট সার্ভিস পরীক্ষার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের সেরা পদে ৮৮৬ চাকরি
- মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলি. পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর

কেন্দ্রীয় সরকারের স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে

# কেন্দ্রীয় সরকারে ১,১৫৭ অ্যাসিস্ট্যান্ট ও অ্যাটেন্ড্যান্ট

গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য

কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রক, ডিরেক্টরেট জেনারেল অফ কোয়ালিটি অ্যাসিওরেন্স, প্রতিরক্ষা সরঞ্জাম, বোটানিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া, লেবার ব্যুরো, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক, উচ্চশিক্ষা দফতর, সেন্ট্রাল পাব্লিক ওয়ার্কস -সহ একাধিক দফতরে কাজের জন্য 'জুনিয়র কম্পিউটার', সেকশন অফিসার, 'টেকনিশিয়ান', ক্লার্ক', 'টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট', 'ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট', 'ইনভেস্টিগেটর', 'ড্রাফটসম্যান', 'মেডিক্যাল অ্যাটেন্ড্যান্ট', 'টেকনিক্যাল অপারেটর', 'ক্যান্টিন অ্যাটেন্ড্যান্ট'-সহ ২৪৫টি ক্যাটেগরিতে বিভিন্ন পদে ১,১৫৭ জন ছেলেমেয়ে নিচ্ছে। নেওয়া হবে স্টাফ সিলেকশন কমিশনের ৭টি রিজিয়নের মাধ্যমে। কোন রিজিয়নে কোন কোন পদে লোক নেওয়া হবে, বয়স, শিক্ষাগত যোগ্যতা, প্রার্থী বাছাই পদ্ধতি, কোন পদে ক'টি শূন্যপদ ইত্যাদি বিস্তারিতভাবে এরপর ৯ পাতায়

# রাজ্য সরকারের স্বাস্থ্য দফতরে ৩০০ ড্রাইভার

ক্লাস এইট পাশ ছেলেদের জন্য

পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দফতরের ডিরেক্টরেট অফ হেলথ সার্ভিসের অধীন বিভিন্ন রিজিওন্যাল অফিসে কাজের জন্য 'ড্রাইভার' পদে ৩০০ জন লোক নিচ্ছে। ক্লাস এইট পাশরা গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে আর গাড়ি চালানোর কাজে অন্তত ৫ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ২১ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। পশ্চিমবঙ্গের বাসিন্দা হতে হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : R/Driver/01 (1)/1/1/2019.

প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ হেলথ রিক্রুটমেন্ট বোর্ড'। এজন্য প্রথমে টেস্ট ও ড্রাইভিং পরীক্ষা হবে। তারপর হবে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ২০ ফেব্রুয়ারি থেকে ৪ মার্চের এরপর ৫ পাতায়

দিল্লির এইমসে

## ৩৭২ স্টেনো ও টেকনিশিয়ান

নিউ দিল্লির অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস 'মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিস্ট', 'অপারেশন থিয়েটার এরপর ২ পাতায়

## ৫০ টেকনিশিয়ান

ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড 'টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (ল্যাবরেটরি)' ও 'সিনিয়র টেকনিশিয়ান' পদে ৫০ জন লোক নিচ্ছে। কারা কোন পদে যোগ্য : এরপর ২ পাতায়

# রেলে ৫৭০ অ্যাপ্রেন্টিস

পশ্চিম মধ্য রেলের অধীন নিসানপুর প্যাসেঞ্জার কোচ ম্যানুফ্যাকচারিং ইউনিটে কাজের জন্য 'ট্রেড অ্যাপ্রেন্টিস' হিসাবে ৫৭০ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : ইলেক্ট্রিশিয়ান, ফিটার, ওয়্যারম্যান, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক), কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, কার্পেন্টার, পেইন্টার, এ.সি. মেকানিক, মেশিনিস্ট, স্টেনোগ্রাফার (ইংলিশ), ইলেক্ট্রনিক মেকানিক, কেবল জয়েন্টার, ডিজেল মেকানিক, ম্যাসন, ব্ল্যাকস্মিথ (ফাউন্ড্রিম্যান), সার্ভেয়র, ড্রাফটসম্যান (সিভিল), আর্কিটেকচারাল অ্যাসিস্ট্যান্ট, সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট (ইংলিশ)। কোনো স্বীকৃত পর্ষদ বা, বিশ্ববিদ্যালয় থেকে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা এন.সি.ভি.টি.'/এস.সি.ভি.টি.'র অনুমোদিত আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান, ফিটার, ওয়্যারম্যান, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক), কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, কার্পেন্টার, পেইন্টার, এ.সি. মেকানিক, এরপর ৯ পাতায়

# ইন্ডিয়ান অয়েলে ৫২৩ অ্যাপ্রেন্টিস

## ওয়েস্টার্ন রিজিয়নে

ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেডের ওয়েস্টার্ন রিজিয়নের মার্কেটিং ডিভিশন 'ট্রেড অ্যাপ্রেন্টিস', 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস', 'ডাটা এন্ট্রি অপারেটর (ফ্রেশার)' ও 'ডাটা এন্ট্রি অপারেটর (স্কিল সার্টিফিকেট হোল্ডার)' ট্রেডে অ্যাপ্রেন্টিস হিসাবে ৫০০ জন লোক নিচ্ছে। এরপর ৮ পাতায়

## সাউদার্ন রিজিয়নে

ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেডের সাউদার্ন রিজিয়নের মার্কেটিং ডিভিশন 'ট্রেড অ্যাপ্রেন্টিস - ডাটা এন্ট্রি অপারেটর (ফ্রেশার)' ও 'ট্রেড অ্যাপ্রেন্টিস -ডাটা এন্ট্রি অপারেটর (স্কিল সার্টিফিকেট হোল্ডার)' ট্রেডে অ্যাপ্রেন্টিস হিসাবে ২৩ জন লোক নিচ্ছে। এরপর ৮ পাতায়

# ২ পুরসভায় ৭৪ মজদুর

## কল্যাণী পুরসভায়

কল্যাণী পুরসভা মজদুর পদে ৪০ জন লোক নিচ্ছে। ক্লাস এইট পাশরা ভালো স্বাস্থ্য ও খেলাধুলায় দক্ষতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ১-১-২০২০'এর হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা ও গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ : ৪০টি (জেনাঃ ২২, ও.বি.সি. -এ ক্যাটেগরি ৪, ও.বি.সি. - বি ক্যাটেগরি ২, তঃজাঃ ৯, তঃউঃজাঃ এরপর ৮ পাতায়

## সিউড়ি পুরসভায়

সিউড়ি পুরসভা মজদুর পদে ৭ জন লোক নিচ্ছে। ক্লাস এইট পাশরা ভালো স্বাস্থ্য ও খেলাধুলায় দক্ষতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ১-১-২০২০'এর হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা ও গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ : ৭টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, জেনাঃ প্রাঃসঃকঃ ১, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১)। এই পদের বিজ্ঞপ্তি এরপর ৭ পাতায়

# ২ জেলায় ৫৫ আশা কর্মী

মালদা জেলা :

মালদা সদর সাব-ডিভিশনের অধীন বিভিন্ন ব্লকের উপস্বাস্থ্য কেন্দ্রে কাজের জন্য 'আশা' কর্মী পদে ৪১ জন তরুণী নেওয়া হচ্ছে। এরপর ২ পাতায়

# কোস্ট গার্ডে ৩৭ যান্ত্রিক

ভারতীয় উপকূল রক্ষীবাহিনী (ইন্ডিয়ান কোস্ট গার্ড) 'যান্ত্রিক' পদে ৩৭ জন লোক নিচ্ছে। মাধ্যমিক পাশ ছেলেরা এ.আই.সি.টি.ই.'র অনুমোদিত সংস্থা থেকে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল বা, ইলেক্ট্রনিক্স এরপর ৯ পাতায়

# সুপ্রিম কোর্টের রায়ে মাদ্রাসা সার্ভিস কমিশনের আটকে থাকা নিয়োগ ও বদলির যাবতীয় জট খুলল

হান্নান আহসান, কলকাতা : পশ্চিমবঙ্গ সরকার ঘোষিত মাদ্রাসাগুলিতে শিক্ষক ও শিক্ষাকর্মী নিয়োগের প্রকৃত অথরিটি মাদ্রাসা পরিচালন সমিতি, না পশ্চিমবঙ্গ মাদ্রাসা সার্ভিস কমিশন এ নিয়ে উভয়পক্ষের কাজিয়া হাই কোর্ট থেকে শেষমেষ সুপ্রিম কোর্ট পর্যন্ত গড়ায়। ফলে মাদ্রাসা পরীক্ষার নিয়োগ প্রক্রিয়া ও ট্রান্সফার প্রভৃতি কর্মকাণ্ড বন্ধ হয়ে যায়। অবশেষে দীর্ঘ প্রতীক্ষার পর ৬ জানুয়ারি এই মামলার ঐতিহাসিক রায় ঘোষণা করে সুপ্রিম কোর্ট। রায়ে মাদ্রাসায় শিক্ষক নিয়োগের দায়িত্ব বর্তায় মাদ্রাসা সার্ভিস কমিশনের ওপরই। সুপ্রিম কোর্টের এই ঐতিহাসিক রায়কে স্বাগত জানায় রাজ্য সরকার ও পশ্চিমবঙ্গ তৃণমূল মাদ্রাসা টিচার্স অ্যাসোসিয়েশন। অ্যাসোসিয়েশনের এরপর ৯ পাতায়

১৩২ পাতার দাম ১০ টাকা ফেব্রুয়ারি সংখ্যা বেরিয়েছে

কর্মসংস্থান গোষ্ঠীর সাফল্য সাধারণ জ্ঞান

পি.এস.সি মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার ৫ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর

রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষার সম্ভাব্য ৩ সেট প্রশ্নোত্তর

এছাড়াও থাকছে : ভারত ও ভারতীয়দের বিশ্বরেকর্ড ● একনজরে চিন ● খেলতে খেলতে নজির গড়া ● তথ্যের মোড়কে জানা-অজানা ● ক্লাসরুম কোচিং

আপনার হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন। যোগাযোগ : 9830624170

GNM নার্সিং in Kolkata

Limited Seats

B.Sc. নার্সিং

D.Pharmacy various state

কম খরচে, Education Loan সহ Govt. INC-PCI Approved নিজস্ব কলেজ

Book your seat now

Admission MBBS

Guidance MCI-Approved College / State Medical University

NIHSCS (Govt. Regd. ISO 9001-2015 Certified)
কোলকাতা : 8145960410 বারাসাত : 8972046553
বহরমপুর : 8334913191 বর্ধমান : 8016465053

বিনামূল্যে।। নার্সিং সহ স্বাস্থ্য বিভাগের অন্যান্য সরকারী স্বীকৃত কোর্সের প্রশিক্ষণ

নিজস্ব প্রতিবেদন : পঃ বঙ্গ সরকারের (pbssd.gov.in) উৎকর্ষ বাংলার হেলথ কেয়ার সেক্টরের অন্তর্ভুক্ত নার্সিং (GDA) ফিজিওথেরাপি, মেডিকেল ল্যাবরেটরি টেকনিশিয়ান ইত্যাদি কোর্সে বিনামূল্যে সরাসরি ভর্তির জন্য যোগাযোগ করুন নিম্নলিখিত কেন্দ্রে :

কোলকাতা : 8145960410 বারাসাত : 8972046553
বহরমপুর : 8334913191 বর্ধমান : 8016465053

নিজের স্কুল শুরু করে হোক সফল কেরিয়ার গড়ার প্রস্তুতি

নিজস্ব প্রতিবেদন : আর্থিক সংস্কৃতি সম্পন্ন শিক্ষিত যুবক-যুবতী / সফল ব্যবসায়ী / উদ্যোগপতি হওয়ার আকাঙ্ক্ষা নিয়ে নিজের 'স্কুল করে' সম্মানজনক পরিষেবার মাধ্যমে জীবনে সুপ্রতিষ্ঠিত হোন। ফ্রাঞ্চাইজি দেওয়া হবে পঃ বঙ্গের সর্বত্র জেলা ও শহরে।

Eastern Region Corporate Office : 37A Broad Street, Kol- 70013
Call : 033-4066 1266, 8334081245

### পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে

# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে ২০১৯ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষা হবে ৮ মার্চ। এই পরীক্ষায় জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিকের ২০০ নম্বরের ১টি পেপার থাকবে। মোট দেড় ঘণ্টার অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে। অ্যারিথমেটিক গ্রুপের মাধ্যমিক মানের ৫০ নম্বরের ২৫টি আর জেনারেল স্টাডিজ পেপারে জেনারেল নলেজের ১৫০ নম্বরের ৭৫টি প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করে দেখালেন কর্মসংস্থান পত্রিকার সহসম্পাদক রঞ্জিৎ ঘোষ।

## GENERAL STUDIES

1. গৌতম বুদ্ধ কোথায় নির্বাণ লাভ করেন?
(A) লুম্বিনী (B) সারনাথ
(C) কুশীনগর (D) বোধগয়া

2. মালিক কাফুর কার সেনাপতি ছিলেন?
(A) ফিরোজশাহ তুঘলক (B) চন্দ্রগুপ্ত মৌর্য
(C) বিম্বিসার (D) আলা-উদ-দীন খলজি

3. ফতেপুর সিক্রীতে 'ইবাদতখানা'র নির্মাতা কে ছিলেন?
(A) শাহজাহান (B) ঔরঙ্গজেব
(C) আকবর (D) জাহাঙ্গীর

4. ভাস্কো-দা-গামা কবে ভারতে পদার্পণ করেন?
(A) 1498 খ্রিস্টাব্দে (B) 1409 খ্রিস্টাব্দে
(C) 1496 খ্রিস্টাব্দে (D) 1492 খ্রিস্টাব্দে

5. নীচের কারা স্বরাজ পার্টির প্রধান নেতা ছিলেন?
(A) বিঠঠলভাই জে. প্যাটেল ও ডঃ আনসারি
(B) মানবেন্দ্রনাথ রায় ও মুজফফর আহমেদ
(C) মতিলাল নেহরু ও চিত্তরঞ্জন দাশ
(D) বি. আর. আম্বেদকর ও পি. সি. যোশী

6. ভারত ও পাক-ই-স্তান রাষ্ট্রের সীমান্ত চিহ্নিত করার দায়িত্ব কে নিয়েছিলেন?
(A) লর্ড মাউন্টব্যাটেন (B) স্যার সিরিল র‍্যাডক্লিফ (C) স্যার স্ট্যাফোর্ড ক্রীপস (D) স্যার পেথিক লরেন্স

7. 'এশিয়াটিক সোসাইটি অফ বেঙ্গল'এর প্রতিষ্ঠাতা কে?
(A) চার্লস ক্রের অ্যাজুজ (B) রাজা রামমোহন রায় (C) স্যার উইলিয়াম জোন্স (D) উইলিয়াম মার্শাল

8. 1857 সালের মহাবিদ্রোহে কানপুরে সিপাহীদের নেতৃত্ব কে দিয়েছিলেন?
(A) তাঁতিয়া টোপি (B) রানী লক্ষ্মীবাঈ
(C) নানা সাহেব (D) কুনওয়ার সিং

9. ভারতের স্বাধীনতা আন্দোলনের কোন ঘটনার সঙ্গে সূর্য সেন জড়িত ছিলেন?
(A) চট্টগ্রাম অস্ত্রাগার লুন্ঠন (B) কাকোরী ষড়যন্ত্র মামলা (C) আইন অমান্য আন্দোলন (D) হোমরুল আন্দোলন

10. নীচের কোনটি মোহনদাস করমচাঁদ গান্ধীর নেতৃত্বে প্রথম গণ আন্দোলন ছিল?
(A) অসহযোগ আন্দোলন (B) ভারত-ছাড় আন্দোলন (C) নীল বিদ্রোহ (D) লবণ আন্দোলন

11. হিন্দু ও মুসলমানদের আলাদা নির্বাচকমণ্ডলী রূপে নির্ধারণ করার সংস্থান কোন ব্যবস্থার মাধ্যমে করা হয়েছিল?
(A) গভর্নমেন্ট অফ ইন্ডিয়া অ্যাক্ট, 1935 (B) মন্টেগু চেমসফোর্ড রিফর্মস (C) মিন্টো-মর্লে রিফর্মস (D) মাউন্টব্যাটেন পরিকল্পনা

12. 'ইন্ডিয়ান ইন্ডিপেন্ডেন্স লিগ' কে প্রতিষ্ঠা করেন?
(A) রাসবিহারী বসু (B) সুভাষ চন্দ্র বসু
(C) মহাত্মা গান্ধী (D) জওহরলাল নেহরু

13. ভারতের জাতীয় কংগ্রেসের প্রথম অধিবেশনে সভাপতি ছিলেন কে?
(A) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় (B) উমেশ চন্দ্র বন্দ্যোপাধ্যায় (C) অরবিন্দ ঘোষ (D) বিপিনচন্দ্র পাল

14. 'অসহযোগ আন্দোলন' কত সালে সাময়িকভাবে মুলতুবি রাখা হয়েছিল?
(A) 1918 (B) 1920 (C) 1922 (D) 1924

15. ভারতের জাতীয় কংগ্রেসের কোন অধিবেশনে প্রথমবার 'বন্দে মাতরম' গানটি গাওয়া হয়?
(A) 1920 অধিবেশন (B) 1906 অধিবেশন
(C) 1896 অধিবেশন (D) 1922 অধিবেশন

16. 1920 সালে 'অসহযোগ আন্দোলন' শুরু করার দিনে কোন নেতার মৃত্যু হয়?
(A) বাল গঙ্গাধর তিলক (B) লালা লাজপৎ রাই (C) পট্টভি সীতারামাইয়া (D) চক্রবর্তী রাজাগোপালাচারি

17. পিতল কোন কোন ধাতুর মিশ্রণ?
(A) তামা ও দস্তা (B) তামা ও টিন
(C) তামা, নিকেল ও দস্তা (D) তামা, অ্যালুমিনিয়াম ও ম্যাগনেশিয়াম

18. নীচের কোনগুলি 'বায়োগ্যাসের' উপাদান?
(A) কার্বন মনোক্সাইড, মিথেন ও হাইড্রোজেন
(B) কার্বন ডাই অক্সাইড, মিথেন ও হাইড্রোজেন
(C) কার্বন মনোক্সাইড, ইথেন ও হাইড্রোজেন
(D) কার্বন ডাই অক্সাইড, ইথেন ও হাইড্রোজেন

19. মানুষের শরীরে সুষুম্না স্নায়ুর সংখ্যা কত জোড়া?
(A) 12 (B) 31 (C) 30 (D) 22

20. প্রতি একক ভরে বেশি ক্যালরি জোগান দেয় যে খাদ্য তার নাম কী?
(A) প্রোটিন (B) কার্বোহাইড্রেট (C) ফ্যাট (D) জল

21. নীচের কোনটি ECG লিপিবদ্ধ করে?
(A) হার্টবিট (হৃদস্পন্দন) এর হার (B) বিভবপার্থক্য (C) ভেনট্রিকুলার ঘনত্ব (D) পাম্প করা রক্তের আয়তন

22. কোন ধারা (আর্টিকল) ভারতের বাকি অংশের থেকে জম্মু ও কাশ্মীরকে আলাদা করে?
(A) ধারা 370 (B) ধারা 360
(C) ধারা 268 (D) ধারা 361

23. ক্রিকেট পিচের দৈর্ঘ্য কত মিটার?
(A) ২২ (B) ২০.১২ (C) ২২.১২ (D) ২০.২২

24. নীচের কোন পাথর মার্বেলে রূপান্তরিত হয়?
(A) গ্রানাইট (B) চুনাপাথর (C) পিট (D) শেল

25. নীচের কোনটি পুনর্নবীকরণযোগ্য শক্তির উৎস নয়?
(A) জলবিদ্যুৎ (B) সৌরশক্তি
(C) জ্বালানি কোশ (D) বায়ু শক্তি

26. ভারতীয় জাতীয় কংগ্রেসের অধিবেশনে প্রথমবার 'বন্দে মাতরম' গান গাওয়া হয়েছিল কত সালে?
(A) 1886 (B) 1892 (C) 1896 (D) 1904

27. 'কংগ্রেস' শব্দটি কোথা থেকে এসেছে?
(A) উত্তর আমেরিকার ইতিহাস থেকে (B) আইরিশ ইতিহাস থেকে (C) ব্রিটিশ কমনওয়েলথ থেকে (D) আমেরিকান সংসদ থেকে

28. কোন বই নীল চাষিদের দুঃখ কষ্টের বিবরণ দেয়?
(A) দীনবন্ধু (B) নীলদর্পণ (C) নীলদর্শন (D) আনন্দমঠ

29. ক্লোরিনের ব্লিচিং ক্রিয়া হল —
(A) বিয়োজন (B) হাইড্রোলাইসিস
(C) বিজারণ (D) জারণ

30. 'চিল্কা' হ্রদ হল –
(A) নোনা জলের হ্রদ (B) স্বাদু জলের হ্রদ (C) বর্ষাকালে স্বাদু জলের হ্রদ (D) গ্রীষ্মকালে নোনা জলের হ্রদ

31. কোন বস্তু উত্তাপের ফলে 'প্লাস্টার অফ প্যারিস' তৈরি হয়?
(A) গ্রাফাইট (B) জিপসাম (C) জিঙ্ক (D) লেড

32. 'কৃষক প্রজা পার্টি'র প্রতিষ্ঠাতা কে ছিলেন?
(A) ফজলুল হক (B) জাফর আলি খান
(C) আল্লাহ বক্স (D) করম শাহ

33. ভারতের কোন রাজ্যে সর্বোচ্চ ম্যাঙ্গানিজ উত্তোলন করা হয় ও সর্বাধিক সঞ্চিত থাকে?
(A) বিহার (B) ওড়িশা (C) কর্ণাটক (D) রাজস্থান

34. প্লাস্টিক শিল্পে ব্যবহৃত 'PVC' কথাটি হল —
(A) পলিভিনাইল ক্লোরাইড (B) পলিভিনাইল কার্বোনেট (C) ফসফর ভ্যানাডিয়াম ক্লোরাইড (D) ফসফোভিনাইল ক্লোরাইড

35. নীচের কে ফরাসিদের সঙ্গে যুক্ত ছিলেন?
(A) হায়দার আলি (B) সফদর জঙ্গ
(C) মীর কাসিম (D) টিপু সুলতান

36. ভারতের উচ্চতম শৃঙ্গ '$K_2$' আর কোন নামে পরিচিত?
(A) কারাকোরাম (B) কাশ্মীর
(C) গডউইন অস্টিন (D) কেনিথ

37. 'Back to Vedas' স্লোগান কে প্রবর্তন করেন?
(A) লালা হংসরাজ (B) পণ্ডিত গুরুদত্ত
(C) স্বামী দয়ানন্দ সরস্বতী (D) লালা লাজপত রাই

38. ভিটামিন D-এর অভাবে কী রোগ হয়?
(A) রাতকানা (B) রিকেট (C) স্কার্ভি (D) চুল উঠে যাওয়া

39. 'স্বরাজ আমার জন্মগত অধিকার' — উক্তিটি কার?
(A) লালা লাজপত রাই (B) অরবিন্দ ঘোষ
(C) নেতাজি সুভাষচন্দ্র বসু (D) বাল গঙ্গাধর তিলক

40. 1906 সালে নীচের কোন রাজনৈতিক দলের প্রতিষ্ঠা হয়?
(A) ভারত সভা (B) মুসলিম লিগ
(C) বেঙ্গল জমিদার লীগ (D) ভারতের কমিউনিস্ট পার্টি

41. সিধু ও কানুর নাম কোন বিদ্রোহের সঙ্গে যুক্ত?
(A) সাঁওতাড় (B) চাকমা (C) খাসি (D) নীল

42. সিপাহী বিদ্রোহের সময় (1857) ভারতের বড়লাট কে ছিলেন?
(A) উইলিয়াম বেন্টিঙ্ক (B) লর্ড কর্নওয়ালিস
(C) লর্ড ক্যানিং (D) লর্ড ডালহৌসি

43. কোন ঘটনার পর মোহনদাস করমচাঁদ গান্ধী 'অসহযোগ আন্দোলন' প্রত্যাহার করেন?
(A) চৌরিচৌরা (B) রাওলাট আইন
(C) জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড (D) ডান্ডি মার্চ

44. জাতীয় কংগ্রেস ও মুসলিম লিগের মধ্যে কত সালে 'লক্ষ্ণৌ চুক্তি' স্বাক্ষরিত হয়?
(A) 1907 (B) 1911 (C) 1916 (D) 1919

45. 'আলিগড় আন্দোলন'এর কেন্দ্র ছিল —
(A) দেওবন্দ স্কুল (B) অ্যাংলো ওরিয়েন্টাল কলেজ
(C) পীর ফকির মজলিস (D) খিলাফৎ কমিটি

46. ভারতের কোন রাজ্যে বায়ুপ্রবাহ শক্তির বৃহত্তম সরঞ্জাম সংস্থাপিত হয়েছে?
(A) গুজরাত (B) মহারাষ্ট্র (C) কর্ণাটক (D) তামিলনাড়ু

47. জনগণনা 2011 অনুসারে, ভারতে 35 বছরের কম বয়সি মানুষদের জনসংখ্যার ভাগ কত শতাংশ?
(A) 50% (B) 55% (C) 60% (D) 65%

48. 'দামোদর ভ্যালি কর্পোরেশন' কী ধরণের সংস্থা?
(A) ভারতের একটি কেন্দ্রীয় সরকারি সংস্থা (B) পশ্চিমবঙ্গের একটি রাজ্য সরকারি সংস্থা (C) কেন্দ্রীয় সরকার, পশ্চিমবঙ্গ ও ঝাড়খণ্ড রাজ্যদ্বয়ের সরকারি প্রতিনিধিত্বমূলক সংস্থা (D) পশ্চিমবঙ্গ ও ঝাড়খণ্ড রাজ্যদ্বয়ের একটি সংস্থা

49. এলাকা ও জনসংখ্যার ভিত্তিতে ভারতের সর্বাধিক বৃহত্তম নগরপুঞ্জ কোনটি?
(A) মুম্বই (B) দিল্লি (C) কলকাতা (D) চেন্নাই

50. নীচের কোন বন্দরে স্বাভাবিক পোতাশ্রয় রয়েছে?
(A) চেন্নাই (B) বিশাখাপত্তনম (C) হলদিয়া (D) নব তুতিকোরিন

51. ছত্তিশগড় রাজ্যের ভিলাই কোন শিল্পকারখানার জন্য বিখ্যাত?
(A) কার্পাস বস্ত্রবয়ন (B) সার (C) লৌহ-ইস্পাত (D) অ্যালুমিনিয়াম

52. নীচের কোন বিপ্লবী সংগঠন ভারতে স্থাপিত হয়েছিল?
(A) গদর পার্টি (B) ইন্ডিয়ান হোমরুল সোসাইটি
(C) ইন্ডিয়ান ইন্ডিপেন্ডেন্স লিগ (D) অভিনব ভারত

53. ইংরেজ ইষ্ট ইন্ডিয়া কোম্পানি ভারতের কোথায় প্রথম তাদের বাণিজ্য কুঠি স্থাপন করেছিল?
(A) মসুলিপত্তনম (B) সুরাত (C) হুগলি (D) আহমেদাবাদ

54. কে 'অধীনতামূলক মিত্রতা নীতি' প্রবর্তন করেন?
(A) লর্ড ওয়েলেসলি (B) লর্ড হেস্টিংস (C) লর্ড ডালহৌসি (D) লর্ড কর্ণওয়ালিশ

55. কে বাংলায় 'কৌলিন্য প্রথা' প্রবর্তন করেন?
(A) ধর্মপাল (B) বল্লাল সেন (C) লক্ষ্মণ সেন (D) ওপরের কেউ নন

56. কে শিবাজী ও গণপতি উৎসব প্রবর্তন করেন?
(A) লালা লাজপত রাই (B) বিনায়ক দামোদর সাভারকর
(C) বাল গঙ্গাধর তিলক (D) ওপরের কেউই নন

57. নীচের কোন এলাকায় 'তেভাগা আন্দোলন' হয়?
(A) বিহার (B) হায়দরাবাদ (C) মহারাষ্ট্র (D) বাংলা

58. কে কলকাতা মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠার উদ্যোগ নিয়েছিলেন?
(A) লর্ড ডালহৌসি (B) লর্ড কার্জন
(C) উইলিয়াম বেন্টিঙ্ক (D) ওয়ারেন হেস্টিংস

59. কে মূলত 'নওজোয়ান ভারত সভা' স্থাপন করতে সাহায্য করেছিলেন?
(A) ভগৎ সিং (B) অরবিন্দ ঘোষ (C) রাজগুরু (D) শিব ভার্মা

60. কোন ভারতীয় মহিলা প্রথম কংগ্রেসের সভাপতি হয়েছিলেন?
(A) অরুণা আসফ আলি (B) সরোজিনী নাইডু
(C) বিজয়লক্ষ্মী পণ্ডিত (D) অ্যানি বেসান্ত

61. 'মুদ্রারাক্ষস' বইটি কার লেখা?
(A) শূদ্রক (B) ভাস (C) বিশাখদত্ত (D) কালিদাস

62. 'সেলভা' বলতে কী বোঝায়?
(A) ক্রান্তীয় বৃষ্টি অরণ্য (B) মরুভূমি (C) তুন্দ্রা (D) তৈগা

63. মার্কিন যুক্তরাষ্ট্রের প্রাচীনতম পর্বত প্রণালী কোনটি?
(A) কর্ডিলেরা (B) কাসকেড পর্বত (C) অ্যাপালেশিয়ান (D) টেবল পর্বত

64. ভূগোলে 'প্রেইরি' শব্দটির অর্থ কী?
(A) মরুভূমি (B) অ্যাটল (C) ম্যানগ্রোভ (D) তৃণভূমি

65. গ্রেট ব্যারিয়ার রিফ হল নীচের কোনটি?
(A) মধ্য মহাসাগরীয় শৈলশিরা (B) প্রবাল প্রাচীর
(C) ক্ষয়জাত পাহাড় (D) মেসা

66. 'মিসিসিপি' নদীর মোহনা কোথায়?
(A) হাডসন উপসাগর (B) ক্যালিফোর্নিয়া উপসাগর
(C) সেন্ট লরেন্স উপসাগর (D) মেক্সিকো উপসাগর

67. সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত কোন ব্যাঙ্ক লেনদেন করার জন্য ওয়ান টাইম পাশওয়ার্ড চালু করল?
(A) কানাড়া ব্যাঙ্ক (B) ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
(C) স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (D) ব্যাঙ্ক অফ বরোদা

68. FMCG-এর পুরো নাম কী?
(A) Fast Moving Capital Goods (B) Fast Moving Current Goods (C) Fast Moving Consumer Goods (D) Fast Moving Currency Goods

69. সম্প্রতি পশ্চিমবঙ্গ সরকার বাজেটে কোন ৫টি প্রকল্পের কথা উল্লেখ করেছে?
(A) বন্ধু, জয়জওহর, বিনামূল্যে সামাজিক সুরক্ষা, কর্মজীবন, হাসির আলো
(B) বন্ধু, জয় কৃষাণ, বিনামূল্যে সামাজিক সুরক্ষা, কর্মসাথী, হাসির আলো
(C) বন্ধু, জয়জওহর, বিনামূল্যে সামাজিক সুরক্ষা, কর্মসাথী, হাসির আলো
(D) বন্ধু, জয়জওহর, বিনামূল্যে সামাজিক সুরক্ষা, কর্মসংস্থান, হাসির আলো

70. ভারতের কোন রাজ্যে সম্প্রতি 'জলসাথী' প্রোগ্রাম চালু হয়েছে?
(A) বিহার (B) ওড়িশা (C) মধ্য প্রদেশ (D) উত্তর প্রদেশ

71. ভারতবর্ষে দাস বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন?
(A) মামুদ (B) মহম্মদ ঘোরী (C) কুতুব-উদ-দীন আইবক (D) ইলতুৎমিস

72. 'দীন-ই-ইলাহি'র প্রবক্তা কে?
(A) ঔরঙ্গজেব (B) আকবর (C) শেরশাহ (D) দারাশুকো

73. ভারতের কোন শহরে সম্প্রতি 'ওয়ার্ল্ড ট্রেড সেন্টার' উদ্বোধন করা হয়েছে?
(A) পুণে (B) বেঙ্গালুরু (C) দিল্লি (D) চণ্ডীগড়

74. বাংলাদেশের অর্থমন্ত্রীর নাম কী?
(A) মুস্তাফা কামাল (B) এম. সাইফুর রহমান (C) মামুন আহমেদ (D) আতায়ুর রহমান খান

75. 'ড. রাজেন্দ্র প্রসাদ জয়ন্তী' কবে পালিত হয়?
(A) 3 ডিসেম্বর (B) 16 ডিসেম্বর (C) 17 ডিসেম্বর (D) 19 ডিসেম্বর

## MATHEMATICS

76. কোনো সংখ্যার 60%-এর সঙ্গে 50 যোগ করলে সংখ্যাটির সমান হয়। তাহলে সংখ্যাটি কত?
(A) 110 (B) 125 (c) 200 (D) 300

77. দু'টি ট্রেন, প্রতিটি 200 মিটার লম্বা, সমান গতিতে বিপরীত দিকে গতিশীল অবস্থায় 10 সেকেন্ড সময়ে পরস্পরকে অতিক্রম করে। ট্রেন দু'টির গতি কত কিলোমিটার/ঘণ্টা?
(A) 18 (B) 36 (C) 20 (D) 72

78. সীমন্তিকা দু'টি রেডিও প্রতিটি 2,000 টাকা দরে বিক্রয় করল। একটিতে সে 16% লাভ ও অন্যটিতে 16% ক্ষতি করল। তাহলে সামগ্রিকভাবে তার শতকরা কত লাভ বা, ক্ষতি হল?
(A) 5.28 (B) 2.56 (C) 4.68 (D) 8.01

79. দু'টি বৃত্তের ব্যাসার্ধের অনুপাত 5 : 4 হলে, এদের ক্ষেত্রফলের অনুপাত কত?
(A) 5 : 4 (B) 25 : 16 (C) 6 : 7 (D) 9 : 13

80. কোনো একটি জেলায় লোকসংখ্যা প্রথম বছরে 4% বাড়ে ও দ্বিতীয় বছরে 5% কমে। বর্তমান লোকসংখ্যা 4,94,000 হলে, দু'বছর আগে লোকসংখ্যা কত ছিল?
(A) 4,75,000 (B) 5,00,000 (C) 5,25,000 (D) 6,00,000

81. একটি চৌবাচ্চা দু'টি নল দিয়ে যথাক্রমে 20 ও 30 মিনিটে ভরতি হয়। দু'টি নলই একসঙ্গে খুলে দেওয়া হল। প্রথম নলটি কখন বন্ধ করতে হবে, যাতে চৌবাচ্চাটি 10 মিনিট বেশি সময় নিয়ে ভরতি হয়?
(A) 8 মিনিট (B) 9 মিনিট (C) 10 মিনিট (D) 12 মিনিট

82. দু'টি সংখ্যার যোগফল 384 ও সংখ্যা দু'টির গ.সা.গু 48; সংখ্যা দু'টি কী কী?
(A) 48, 336 (B) 50, 334 (C) 146, 238 (D) 46, 338

83. 7টি ছাগল ও 3টি ভেড়ার মূল্যের গড় 675 টাকা। 1টি ভেড়ার মূল্য 1টি ছাগলের মূল্যের দ্বিগুণ হলে, প্রত্যেকটি ছাগল ও ভেড়ার মূল্য কত টাকা?
(A) 400, 800 (B) 450, 900 (C) 500, 1,000 (D) 1,100, 550

84. চার বছর আগে A ও B এর বয়সের অনুপাত ছিল 2 : 3, এখন থেকে 4 বছর পরে বয়সের অনুপাত হবে 5 : 7. A এর বয়স এখন কত বছর?
(A) 34 (B) 35 (C) 36 (D) 37

85. 5 টাকায় 6টি আম কিনে 6 টাকায় 5টি বিক্রি করলে লাভের শতকরা হার কত?
(A) 39% (B) 44% (C) 40% (D) 42%

86. ঘণ্টায় 144 কিলোমিটার বেগে ধাবমান 100 মিটার লম্বা একটি ইলেক্ট্রিক খুঁটিকে কত সেকেন্ডে অতিক্রম করবে?

☞ এরপর ৬ পাতায়

# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি

৩ পাতার পর

(A) 2.5 (B) 2.6 (C) 2.7 (D) 2.4

87. এক সমবায় খামারের 30 জন সভ্য 5 দিনে মাঠের অর্ধেক ধান কেটেছেন। কিন্তু পরের দিন 5 জন সভ্য অসুস্থ হয়ে পড়ায় কাজ করতে পারছেন না। বাকি ধান কাটতে কতদিন সময় লাগবে?

(A) 5 (B) 7 (C) 6 (D) 8

88. একটি চৌবাচ্চা A পাইপ 4 মিনিটে ভরতি করে। আবার A ও B পাইপ খুলে দিলে চৌবাচ্চাটি 3 মিনিটে ভরতি হয়। শুধু B পাইপ দিয়ে কত মিনিটে চৌবাচ্চাটি ভরতি করা যায়?

(A) 9 (B) 10 (C) 11 (D) 12

89. এক ব্যক্তি 363.75 টাকায় একটি রেডিও বিক্রি করায় তাঁর 3% ক্ষতি হয়েছে। কী মূল্যে রেডিওটি বিক্রি করলে তাঁর 10% লাভ হবে?

(A) 411.50 (B) 413.00 (C) 412.50 (D) 414.00

90. সরল করুন।

$$\cfrac{1}{6\times\cfrac{1}{8\div\cfrac{1}{1-\frac{7}{8}}}}$$

(A) $\frac{1}{6}$ (B) $\frac{1}{5}$ (C) $\frac{1}{7}$ (D) $\frac{1}{8}$

91. কোনো বিদ্যালয়ে 132 জন পরীক্ষার্থীর মধ্যে পাশ ও ফেলের অনুপাত 9 : 2; আরো 4 জন পরীক্ষার্থী পাশ করলে পাশ ও ফেলের অনুপাত কত হত?

(A) 27 : 6 (B) 27 : 5 (C) 28 : 6 (D) 28 : 5

92. জল ও দুধের 40 লিটার মিশ্রণে 10% জল আছে। ওই মিশ্রণে আর কত লিটার জল মিশাতে হবে, যাতে জলের পরিমাণ 20% হয়?

(A) 4.5 (B) 4 (C) 5 (D) 6

93. এক ধরণের পিতলে তামা ও দস্তার অনুপাত 5 : 3. এরকম 24 কেজি পিতলে 3 কেজি তামা মিশালে তামা ও দস্তার অনুপাত কী হবে?

(A) 3:2 (B) 2:3 (C) 2:2 (D) 2:1

94. এক মাঝি স্রোতের প্রতিকূলে 1 ঘণ্টায় 2 কিলোমিটার যায় ও স্রোতের অনুকূলে 10 মিনিটে 1 কিলোমিটার যায়। স্থির জলে 5 কিলোমিটার যেতে ওই মাঝির কতক্ষণ সময় লাগবে?

(A) 1 ঘণ্টা (B) 1 ঘণ্টা 25 মিনিট (C) 1 ঘণ্টা 15 মিনিট (D) 1 ঘণ্টা 20 মিনিট

95. কোনো এক স্থান থেকে যাত্রা করে একটি জাহাজ উত্তরদিকে 9 কিলোমিটার গেল ও তারপর পশ্চিমদিকে ঘুরে 12 কিলোমিটার গেল। যাত্রাস্থল থেকে জাহাজটির সরাসরি দূরত্ব কত কিলোমিটার?

(A) 15 (B) 16 (C) 17 (D) 17.5

96. 36 জন শ্রমিক 55 দিনে যে পরিমাণ কাজ করতে পারে, 66 জন শ্রমিক তার দ্বিগুণ কাজ করবে কত দিনে?

(A) 59 (B) 60 (C) 62 (D) 61

97. একটি চৌবাচ্চা A নল দিয়ে 5 মিনিটে জলপূর্ণ হয় ও B নল দিয়ে 10 মিনিটে খালি হয়। অর্ধেক জলপূর্ণ অবস্থায় দু'টি নল একসঙ্গে খুললে কত মিনিটে চৌবাচ্চাটির $\frac{3}{4}$ অংশ পূর্ণ হবে?

(A) $2\frac{2}{2}$ (B) $2\frac{2}{3}$ (C) $2\frac{3}{4}$ (D) $2\frac{1}{2}$

98. কোনো ব্যবসায় A, 1,800 টাকা ও B, 9 মাসের জন্য 1,000 টাকা খাটাল। উভয়ের লাভের অংশ সমান হলে A এর টাকা কত মাসের জন্য খাটানো হয়েছিল?

(A) 5 (B) 6 (C) 7 (D) 8

99. একই হার সুদে 300 টাকা 4 বছরের জন্য ও 500 টাকা 3 বছরের জন্য ধার দিয়ে মোট 162 টাকা সুদ পাওয়া গেল। সুদের হার কত?

(A) 8% (B) 5% (C) 6% (D) 7%

100. একটি ঘড়ির ধার্যমূল্য 160 টাকা। এক ব্যক্তি ঘড়িটি 122.40 টাকায় কেনার সময় দু'টি আলাদা ছাড় পায়। প্রথম ছাড়ের হার 10% হলে, দ্বিতীয় ছাড় কত?

(A) 17% (B) 14% (C) 15% (D) 16%




যেকোনো সমস্যার সমাধানে
এক এবং অদ্বিতীয় তন্ত্রসাধক
যোগাচার্য্য মহারাজ
M- 9830150670

FUTURE KNOWLEDGE ZONE
NIOS থেকে ক্লাস না করে সরাসরি X ও XII-এ বাংলা/ইংরেজি মাধ্যমে প্রতি মাসে নিজের সময় ও সুবিধা মতো পরীক্ষা দিন। ৮ম শ্রেণী ফেল হলেও যে কোন বয়সে সরাসরি Class-X/XII pass করে নিজের ভবিষ্যৎ উজ্জ্বল করার লক্ষ্যে উচ্চশিক্ষা/প্রবেশন/50% নম্বর নিয়ে সরকারি চাকরির পরীক্ষা দেওয়ার সুযোগ নিন। যে কোন নম্বরে X পাস হলেও সরাসরি 'NIOS'-এ Science নিয়ে HS-এ ভর্তি হোন। আমাদের সাথে Admission Centre সংক্রান্ত কাজ করতে পারবেন। বর্তমানে X ও XII-এ Admission চলিতেছে।
Call: 8972388336




৩৫ বছরের অভিজ্ঞতাসম্পন্ন প্রাক্তন কর্ণেলের নিজস্ব তত্ত্বাবধানে সেনাবাহিনী ও পুলিশে যোগদানের বিশেষ প্রশিক্ষণ
ARMY, NAVY, AIR FORCE, SSC-আর্টবাহিনী ও POLICE-এর নতুন ব্যাচে ভর্তি শুরু হয়েছে।
ON LINE FORM FILL UP, MOCK TEST-এর ব্যবস্থা আছে।
9830023884, 9830025595
মাঠ ও PHYSICAL করানো হয়
কর্ণেল'স ট্রেনিং সেন্টার
বারাসাত, মা সারদা রোড, ৫নং প্লাটফর্মের কাছে
CHOICE OF INDIVIDUAL SUBJECTS OFFERED (G.K, G.I. ENG., MATH.)
সিকিউরিটি গার্ডের ট্রেনিং করানো হয়

নার্সিং পড়ার লোন পাওয়া যায়
প্রধান মন্ত্রী "স্কীল ইন্ডিয়া" যোজনায় GNM নার্সিং/ B.Sc নার্সিং/ B.Sc প্যারামেডিক্যাল পড়ার লোন পাওয়া যায়। ব্যাঙ্গালোরে পড়ানো হয়।
ভর্তী এবং সিট বুকিং চলছে
লোন নিতে ইচ্ছুক ছাত্র-ছাত্রী সত্বর ই-মেলে দরখাস্ত করুন।
E-mail :- nursingeducationloan@gmail.com



ভর্তীর যোগ্যতা :-
যে কোনো বিভাগে উচ্চ মাধ্যমিক পাশ বা পরীক্ষার্থী এবং গ্র্যাজুয়েট ছাত্র-ছাত্রী।
ভারতে GNM নার্সিং পড়ার শেষ সুযোগ - 2020
তোর ? তোর সার্ভিস
যোগাযোগ :— নার্সিং গ্রুপ, কল্যাণী, নদীয়া।
কল্যাণী মহাবিদ্যালয়ের সামনে।
9836876033 7596840256


## চটপট উত্তরের বিশ্লেষণ

### GENERAL STUDIES

1(D). 2(D). 3(C). 4(A). 5(C). 6(B). 7(C). 8(C). 9(A). 10(A). 11(C). 12(A). 13(B). 14(C). 15(C). 16(A). 17(A). 18(B). 19(B). 20(C). 21(B). 22(A). 23(B). 24(B). 25(C). 26(C). 27(A). 28(B). 29(D). 30(A). 31(B). 32(A). 33(B). 34(A). 35(D). 36(C). 37(C). 38(B). 39(D). 40(B). 41(A). 42(C). 43(A). 44(C). 45(B). 46(D). 47(D). 48(C). 49(A). 50(B). 51(A). 52(D). 53(B). 54(A). 55(B). 56(C). 57(D). 58(C). 59(A). 60(B). 61(C). 62(A). 63(C). 64(D). 65(B). 66(D). 67(C). 68(C). 69(C). 70(B). 71(C). 72(B). 73(D). 74(A). 75(A).

### MATHEMATICS

76(B). মনে করি, সংখ্যাটি হল = x শর্তানুযায়ী, $\frac{60x}{100}+50=$ x. বা, 60x + 5000 = 100x বা, 40x = 500. বা, x = 125. তাহলে, সংখ্যাটি হল = 125. 77(D). দু'টি ট্রেনের আপেক্ষিক দূরত্ব = (200 + 200) মিটার = 400 মিটার। ট্রেন দু'টির আপেক্ষিক গতিবেগ = $\frac{400\times60\times60}{1000\times10}$ কিলোমিটার/ঘণ্টা = 36 × 4 কিলোমিটার/ঘণ্টা। তাহলে, ট্রেনটির গতিবেগ = $\frac{36\times4}{2}$ কিলোমিটার/ঘণ্টা = 72 কিলোমিটার/ঘণ্টা। 78(B). যদি এক ব্যক্তি y টাকায় রেডিও বিক্রি করে একটিতে x% লাভ ও অন্যটিতে x% ক্ষতি করে তবে, ব্যক্তির ক্ষতি হয় = $\frac{x^2}{100}$% ক্ষতি = $\frac{(16)^2}{100}$% = 2.56 79(B). দু'টি বৃত্তের ব্যাসার্ধের অনুপাত = 5 : 4. মনে করি, তাদের ব্যাসার্ধ 5x একক ও 4y একক। প্রত্যেকটির ক্ষেত্রফলের অনুপাত = $\frac{\pi r_1^2}{\pi r_2^2}=\frac{5x\times5x}{4x\times4x}=\frac{25}{16}$ = 25 : 16. 80(B). মনে করি, জনসংখ্যা দু' বছর আগে ছিল = x জন। প্রশ্নানুসারে, $x\times\frac{104}{100}\times\frac{95}{100}=494000$. বা, $x=\frac{494000\times100\times100}{104\times95}$ বা, x = 500000. তাহলে, দু' বছর আগে জনসংখ্যা ছিল 5,00,000 জন। 81(A). দু'টি নল চৌবাচ্চাটি 1 মিনিটে ভরতি করে $\left(\frac{1}{20}+\frac{1}{30}\right)$ অংশ = $\frac{5}{60}=\frac{1}{12}$ অংশ। শেষ 10 মিনিটে দ্বিতীয় নলটি দিয়ে ভরতি হয় = $\frac{1\times10}{30}$ অংশ = $\frac{1}{3}$ অংশ। বাকি $\frac{2}{3}$ অংশ দু'টি নল দিয়ে পূর্ণ হয়। $\frac{1}{12}$ অংশ পূর্ণ হয় 1 মিনিটে। তাহলে, $\frac{2}{3}$ অংশ পূর্ণ হয় $12\times\frac{2}{3}$ মিনিট = 8 মিনিট। 82(A). সংখ্যা দু'টির গ.সা.গু. 48. তাহলে, ওই সংখ্যা দু'টির সাধারণ উৎপাদক 48. তাহলে, ওই সংখ্যা দু'টির অন্য উৎপাদক দু'টি পরস্পর মৌলিক ও তাদের সমষ্টি 384. তাহলে, ওই দু'টি মৌলিক উৎপাদকের সমষ্টি = $\frac{384}{48}$ = 8. এখন দেখতে হবে কোন দু'টি মৌলিক উৎপাদকের সমষ্টি 8. তাহলে, 7 + 1 = 8, 5 + 3 = 8. তাহলে, সংখ্যা দু'টি 7 × 48, 1 × 48 বা, 5 × 48, 3 × 48 অর্থাৎ, 336, 48 বা, 240, 144. তাহলে, নির্ণেয় সব সংখ্যা 48, 336 ও 144, 240. 83(B). 7টি ছাগল ও 3টি ভেড়ার মোট মূল্য 675 × (7 + 7) = 9,450 টাকা। মনে করি, ছাগলের মূল্য x টাকা। তাহলে, ভেড়ার মূল্য 2x টাকা। তাহলে, মোট ছাগলের মূল্য 7x × 2x = 14x টাকা। তাহলে, 7x + 14x = 9450. বা, 21x = 9450 বা, x = $\frac{9450}{21}$ = 450 টাকা। তাহলে, একটি ছাগলের মূল্য 450 টাকা। একটি ভেড়ার মূল্য (450 × 2) = 900 টাকা। 84(C). মনে করি, 4 বছর আগে A ও B এর বয়স 2x ও 3x. তাহলে, $\frac{2x+8}{3x+8}=\frac{5}{7}$ বা, 14x + 56 = 15x + 40. বা, x = 16. তাহলে, A এর বয়স (2x + 4) = 36 বছর। 85(B). 5টি আমের বিক্রয়মূল্য 6 টাকা। 6টি আমের বিক্রয়মূল্য $\frac{6}{5}\times6=\frac{36}{5}$ টাকা। ক্রয়মূল্য 5 টাকা। তাহলে, লাভের হার $\frac{\frac{36}{5}-5}{5}\times100\%$ = $\frac{36-25}{25}\times100\%$ = 44%. 86(A). গতিবেগ $144\times\frac{5}{18}$ মিটার/সেকেন্ড = 40 মিটার/সেকেন্ড। তাহলে, সময় লাগবে $\frac{100}{40}$ = $\frac{5}{2}$ সেকেন্ড = 2.5 সেকেন্ড। 87(C). মোট ধান 1 অংশ। কাটা হয়েছে $1\times\frac{1}{2}=\frac{1}{2}$ অংশ। বাকি আছে $1-\frac{1}{2}=\frac{1}{2}$ অংশ। সভ্য রয়েছে 30 − 5 = 25 জন। 30 জন $\frac{1}{2}$ অংশ কাজ করে 5 দিনে। 1 জন $\frac{1}{2}$ অংশ কাজ করে 5 × 30 দিনে। 25 জন $\frac{1}{2}$ অংশ কাজ করে $\frac{5\times30}{25}$ দিনে = 6 দিনে। তাহলে, বাকি ধান কাটতে 6 দিন সময় লাগবে। 88(D). A, 4 মিনিটে ভরতি করে 1 অংশ। তাহলে, 1 মিনিটে ভরতি করে $\frac{1}{4}$ অংশ। (A + B), 3 মিনিটে ভরতি করে 1 অংশ। তাহলে, (A + B) 1 মিনিটে ভরতি করে $\frac{1}{3}$ অংশ। তাহলে, B 1 মিনিটে ভরতি করে $\left(\frac{1}{3}-\frac{1}{4}\right)$ অংশ = $\frac{4-3}{12}$ অংশ = $\frac{1}{12}$ অংশ। তাহলে, B চৌবাচ্চাটি সম্পূর্ণ ভরতি করবে 1 × 12 মিনিটে = 12 মিনিটে। 89(C). 363.75 টাকায় রেডিও বিক্রি করায় 3% ক্ষতি হয়। 97 টাকা বিক্রয়মূল্য হলে ক্রয়মূল্য 100 টাকা। 1 টাকা বিক্রয়মূল্য হলে ক্রয়মূল্য $\frac{100}{97}$ টাকা। 363.75 টাকা বিক্রয়মূল্য হলে ক্রয়মূল্য $\frac{100\times363.75}{97}$ টাকা = 375 টাকা। তাহলে, রেডিওটির ক্রয়মূল্য 375 টাকা। এখন 10% লাভে বিক্রি করলে, 100 টাকার বিক্রয়মূল্য 110 টাকা। 1 টাকার বিক্রয়মূল্য $\frac{110}{100}$ টাকা। 375 টাকার বিক্রয়মূল্য $\frac{110}{100}\times375$ টাকা = 412.50 টাকা। তাহলে, রেডিওর বিক্রয়মূল্য 412.50 টাকা। 90(A).

$$\cfrac{1}{6\times\cfrac{1}{8\div\cfrac{1}{1-\frac{7}{8}}}}=\cfrac{1}{6\times\cfrac{1}{8\div\cfrac{1}{\frac{1}{8}}}}=\cfrac{1}{6\times\cfrac{1}{8\div8}}=\frac{1}{6\times1}=\frac{1}{6}$$

91(D). পরীক্ষার্থীদের পাশ ও ফেলের অনুপাত 9 : 2. অর্থাৎ, 9 জন পরীক্ষার্থী পাশ করে থাকলে ফেল করে 2 জন। তাহলে, মোট পরীক্ষার্থী (9 + 2) = 11 জন। তাহলে, 132 জন পরীক্ষার্থীর মধ্যে পাশ করে $132\times\frac{9}{11}$ = 108 জন ও 132 জন পরীক্ষার্থীর মধ্যে ফেল করে $\left(132\times\frac{2}{11}\right)$ জন = 24 জন। আরও 4 জন পরীক্ষার্থী পাশ করলে মোট পাশ করবে (108 + 4) = 112 জন ও সেক্ষেত্রে মোট ফেল করেছে (132 − 112) = 20 জন। তাহলে, দ্বিতীয় ক্ষেত্রে পাশ ও ফেলের অনুপাত 112 : 20 = 28 : 5. 92(C). মনে করি, x লিটার জল মিশাতে হবে। তাহলে, 4 + x = (400 + x) × 20%. বা, 4 + x = $\frac{40+x}{5}$ বা, 20 + 5x = 40 + x. তাহলে, x = $\frac{20}{4}$ = 5 লিটার। 93(D). 24 কেজি পিতলে তামা আছে $24\times\frac{5}{8}$ কেজি = 15 কেজি। 24 কেজি পিতলে দস্তা আছে (24 − 15) কেজি = 9 কেজি। তাহলে, নতুন পিতলে তামা : দস্তা = (15 + 3) : 9 = 18 : 9 = 2 : 1. 94(C). স্রোতের প্রতিকূলে বেগ 2 কিলোমিটার/ঘণ্টা। স্রোতের অনুকূলে বেগ $\left(\frac{60}{10}\right)$ = 6 কিলোমিটার/ঘণ্টা। তাহলে, স্থির জলে নৌকার গতি $\frac{1}{2}(2+6)$ কিলোমিটার/ঘণ্টা = 4 কিলোমিটার/ঘণ্টা। স্থির জলে 5 কিলোমিটার যেতে সময় লাগে $\frac{5}{4}=1\frac{1}{4}$ ঘণ্টা = 1 ঘণ্টা 15 মিনিট। 95(A). যাত্রাস্থল থেকে জাহাজটির সরাসরি দূরত্ব = $\sqrt{9^2+12^2}$ কিলোমিটার = $\sqrt{81+144}$ কিলোমিটার = $\sqrt{225}$ কিলোমিটার = 15 কিলোমিটার। 96(B). 36 জন শ্রমিক 1 অংশ করে 55 দিনে। 66 জন শ্রমিক 2 অংশ করে $\frac{55\times36}{66}\times2$ = 60 দিনে। 97(D). দু'টি নল দিয়ে সম্পূর্ণ জলপূর্ণ হয় $\frac{5\times10}{10-5}$ = 10 মিনিটে। তাহলে, $\left(\frac{3}{4}-\frac{1}{2}\right)$ = $\frac{1}{4}$ অংশ জলপূর্ণ হয় $10\times\frac{1}{4}=2\frac{1}{2}$ মিনিটে। 98(A). মনে করি, A এর টাকা x মাসের জন্য খেটেছে। তাহলে, A এর মোট মূলধনের পরিমাণ 1800 × x = 1800x টাকা। তাহলে, B এর মোট মূলধনের পরিমাণ (1000 × 9) = 9,000 টাকা। প্রশ্নানুসারে, 1800x = 9000 বা, x = $\frac{9000}{1800}$ বা, x = 5. তাহলে, A এর টাকা 5 মাসের জন্য খেটেছিল। 99(C). 300 টাকার 1 বছরের সুদ 300 × 4 = 1,200 টাকা। 1,200 টাকার 1 বছরের সুদ ও 500 টাকার 3 বছরের সুদ = 500 × 3 টাকা = 1,500 টাকার 1 বছরের সুদ। তাহলে, মোট সুদ 1,200 + 1,500 = 2,700 টাকার 1 বছরের সুদ। তাহলে, 2,700 টাকার 1 বছরের সুদ 162 টাকা। 100 টাকার 1 বছরের সুদ $\frac{162\times100}{2700}$ = 6 টাকা। তাহলে, সুদের হার বার্ষিক 6%. 100(C). প্রথম ছাড় দেওয়ার পর বিক্রয়মূল্য $160\times\frac{90}{100}$ টাকা = 144 টাকা। তাহলে, দ্বিতীয় মোট ছাড় (144 − 122.50) টাকা = 21.60 টাকা। তাহলে, দ্বিতীয় ছাড়ের হার $\left(21.60\times\frac{100}{144}\right)$% = 15%.

# ডব্লু.বি.সি.এস প্রিলি. পরীক্ষায় কাট অফ মার্কস নিয়ে আলোচনা



২০২০ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলি পরীক্ষা হল ৯ ফেব্রুয়ারি। ফল বেরোবে মে-জুন মাস নাগাদ। মেনস পরীক্ষা হবে আগস্টে। প্রিলিমিনারি পরীক্ষায় পরীক্ষার্থীর সংখ্যা এবছর থেকে অনেকটাই বাড়ছে। স্বভাবতই 'কাট অফ' মার্কস কত হবে- তা জানাটা খুব জরুরি। প্রিলির কাট অফ মার্কস কত হলে মেনসের জন্য উত্তীর্ণ হবে? এবারের প্রশ্নপত্র কেমন ছিল, কাট অফ মার্কস কত হতে পারে ইত্যাদি বিস্তারিত ভাবে বিশ্লেষণ করলেন রাজ্য পণ্য ও পরিষেবা কর দফতরের অ্যাসিস্ট্যান্ট কমিশনার সামিম সরকার।

২০২০ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষা হল ৯ ফেব্রুয়ারি। এবার পরীক্ষার্থীর সংখ্যা গত বারের তুলনায় অনেক বেশি। এই পরীক্ষা যেহেতু প্রতি বছরই নির্দিষ্ট সময়ে হয়, তাই দিন দিন এর চাহিদা বাড়ছে। এখন অতি সাধারণমানের ছেলেমেয়েও এই পরীক্ষা দিয়ে খুব সহজে প্রশাসনিক পদে চাকরি পাচ্ছে। সম্প্রতি পাব্লিক সার্ভিস কমিশন ৪টি সিরিজেরই উত্তরপত্র প্রকাশ করেছে। খুব সহজে একজন প্রার্থী বাড়িতে বসেই ঠিক করতে পারবেন সে এবার কত নম্বর পাবে। কিন্তু প্রশ্ন হবে 'কাট অফ' নম্বর কত হবে? ন্যূনতম কত নম্বর পেলে প্রিলির গন্ডি পেরিয়ে 'মেনস'এ বসার সুযোগ পাব। এখন এই প্রশ্ন সবার মুখে মুখে। যাঁরা খুব ভালো পরীক্ষা দিয়েছে, তাঁদের চিন্তার কোনো কারণ নেই। কিন্তু যাঁরা ১০০ নম্বরের নিচে পাবেন, তাঁদেরই চিন্তার বিষয়, এবার প্রিলি সফল হবে কিনা।

কাট অফ মার্কস কত হবে, তা নিয়ে সোশ্যাল মিডিয়ায় হাজারো ব্যক্তির হাজারো মতামত। প্রশ্নের ধরণ যাই হোক না কেন, সকলের জিজ্ঞাসা এখন একটাই- কাটঅফ মার্কস কত হলে পরীক্ষায় পাশ করতে পারব? নেগেটিভ মার্কিং কতটা প্রভাব ফেলবে তা জানাটা খুবই জরুরি। প্রসঙ্গত, ৩টি ভুল উত্তরের অর্থ হল ১ নম্বর কাটা যাওয়া। এটা ঘটনা যে, নেগেটিভ মার্কিং অনেকের হিসেব-নিকেশ ওলটপালট করে দিতে পারে। এখানে বলে রাখা প্রয়োজন, কাটঅফ একটি রিলেটিভ টার্ম। বেশ কিছু বিষয়ের উপর নির্ভর করে কাট অফ। যাদের প্রস্তুতি মোটামুটি ভালো, যারা পরীক্ষাটি ঠিকঠাক দিয়েছে এবং নেগেটিভ কম করেছে তারা অবশ্যই প্রিলিতে সাফল্য পাবে।

পরীক্ষার্থীদের এখন প্রিলির কথা ভুলে গিয়ে মেনসের বিষয়ে ভাবতে হবে। নিজের প্রাপ্ত নম্বর যাই হোক না কেন, ও সব না ভেবে মেনসের জন্য প্রস্তুতিতে নিতে হবে। এবার প্রিলিমিনারি পরীক্ষার প্রতিটি বিষয়ের প্রশ্নপত্র নিয়ে আলোচনা করা যাক।

(১) ইংরিজিতে ২৫টি প্রশ্নের মধ্যে সহজ প্রশ্নের সংখ্যা মাত্র ৬টি, কঠিন প্রশ্নের সংখ্যা ৫টি। বেশীর ভাগ প্রশ্নই (১৪) মাঝারী মানের। সমস্যা ঠিক এখানেই এই ধরনের চেনা প্রশ্নে নেগেটিভ হওয়ার সম্ভাবনা বেশি।

(২) ইতিহাস বিষয়ের প্রশ্নগুলি বেশ সহজ হয়েছে বলা যায়। প্রাচীন ভারতের প্রশ্নগুলি ছাড়া ইতিহাসের বাকি অংশে থেকে যে সব প্রশ্ন এসেছে তা খুবই সোজা।

(৩) ভারতরে স্বাধীনতা সংগ্রাম থেকে প্রশ্নগুলি বেশ সহজই হয়েছে বলা যায়। প্রশ্নগুলি একদিকে যেমন সোজাসাপ্টা অপরদিকে তেমন কয়েকটি প্রশ্ন রিপিটও আছে। পরীক্ষার্থীরা এই অংশ থেকে ভাল স্কোর করতে পারবে বলে আশা করা যায়।

(৪) ভূগোল বিষয়ের কিছু প্রশ্ন আছে ফ্যাক্ট বেসড, কিছু প্রশ্ন জেনারেল নলেজ বেসড এবং বেশ কিছু প্রশ্ন রয়েছে কনসেপচুয়াল। ফিজিক্যাল জিওগ্রাফি বা ফিজিওগ্রাফির ওপর জ্ঞান না থাকলে বেশ কয়েকটি প্রশ্নের উত্তর করা কঠিন। ভূগোলে কয়েকটি প্রশ্ন ছিল ইনফরমেটিভ, কয়েকটি নতুন ধরনের প্রশ্নও লক্ষ করা গেছে। তবে ভূগোলের প্রশ্নগুলি মোটের ওপর মাঝারি মানের হয়েছে বলা যায়।

(৫) জেনারেল ইন্টেলিজেন্স বিষয়ের প্রশ্নগুলি ছিল প্রচলিত রীতি বহির্ভূত, খানিকটা নতুন ট্রেন্ডের বলা যায়। প্রশ্নগুলি কিছুটা আনকনভেনশনাল, মেনসের মতো বর্ণনামূলক। জিআই-এর প্রশ্নগুলি টাইম কনজিউমিং বটে। অঙ্কের প্রশ্ন নেই বললেই চলে।

(৬) সংবিধান থেকে প্রশ্ন এসেছে অনেক কম, প্রশ্নগুলি বেশ সহজ। অর্থনীতি থেকে প্রশ্ন এসেছে বেশি, প্রশ্নগুলি ছিল কনসেপ্ট বেসড। বিষয়ের ওপর জ্ঞান বা কনসেপ্ট না থাকলে এই বিষয়ের সব প্রশ্নগুলি উত্তর করা বেশ কঠিন। তবে কনসেপ্ট কাজে লাগিয়ে, বুদ্ধি ব্যবহার করে প্রশ্নগুলির সঠিক উত্তর করা সম্ভব।

(৭) বিজ্ঞানের প্রশ্নগুলি তুলনামূলকভাবে সহজ এসেছে বলা যায়। তবে দু-একটি প্রশ্নের উত্তর মনে হয় সবগুলিই যে ঠিক। কিন্তু তা নয়।

(৮) কারেন্ট অ্যাফেয়ার্সের প্রশ্ন মূলতঃ কঠিন বলা যায়। কিছু প্রশ্ন ছিল জি কে বেসড্।

কাট অফ মার্কস হলো একটি আপেক্ষিক সংখ্যা। বেশ কিছু প্যারামিটার বা ফ্যাক্টর এর বিন্যাস ও সমবায় এর উপর নির্ভর করে। তাই আগেভাগে কাট অফ সম্পর্কে নিশ্চিত করে কিছু বলা সম্ভব নয়। আগেভাগে কাট অফ নির্ণয় করা খানিকটা ওপিনিয়ন পোল বা এক্সিট পোলের মত ব্যাপার। মিলতেও পারে, আবার নাও মিলতে পারে। তবে প্রিলির প্রশ্নপত্র, ডব্লিউবিসিএস-এর বিভিন্ন ফ্যাক্টরের সঠিকভাবে বিশ্লেষণ করতে পারলে সম্ভাব্য কাট অফ সম্পর্কে একটা নির্ভরযোগ্য প্রেডিকশন অতি অবশ্যই করা যায়।

ইতিহাস, বিজ্ঞান এবং জি আই ছাড়া বাকি বিষয়ের প্রশ্নগুলি কঠিন বলা যায়। যদি গত বছরের মতো ষোলো হাজার বা তারবেশী ছাত্রছাত্রী মেনসের ছাড়পত্র পায় তবে নিঃসন্দেহে কাট অফ কিছুটা কমবে। গত বছর কাট অফ ছিল ১০৫ আর ২০১৮ সালে কাট অফ ছিল ৯৭। আশাকরা যায় মেনসের আসন সংখ্যা আগের মতো থাকলে কাট অফ ২০১৮ সালের মতো থাকবে বা তার কমও হতে পারে। আর যদি মেনসের আসন সংখ্যা পাঁচ হাজারের মতো হয় তবে কাট অফ কিছুটা বাড়বে। কিন্তু কত বাড়বে? কারও মতে ১১০, কারও বা ১১৫। তবে সব দিক দিয়ে বিবেচনা করে বলা যায়, মেনসের আসন সংখ্যা কমলেও কাট অফ ১১০-এর মধ্যে থাকার সম্ভাবনা বেশি। যাদের নেট স্কোর ১১৫ বা তার বেশি, তারা প্রিলি পাশের বিষয়ে মোটামুটি নিশ্চিত থাকতে পারেন। মেনসের আসন সংখ্যা বাড়া কমার ব্যাপারটি আগেভাগে বলা সম্ভব নয়, এটি কমিশনের পলিসিগত সিদ্ধান্তের ব্যাপার। পরিশেষে বলা যায়, ১০৫ বা তার বেশি পাওয়া ছাত্রছাত্রীরা এখন থেকেই মেনসের প্রস্তুতিতে ঝাঁপিয়ে পড়ুক। এমনকি ১০০ এর গন্ডি পার করা ছাত্রছাত্রীদেরও প্রিলি পাশের ব্যাপারে আশাবাদী থেকে মেনসের প্রস্তুতি শুরু করে দেওয়া দরকার। ও.বি.সি. -এ ক্যাটেগরি, ও.বি.সি.-বি ক্যাটেগরি, তপশিলী জাতি, তপশিলী উপজাতির প্রার্থীদের বেলায় আরো কয়েক নম্বর কম কাট নম্বর থাকবে। সব শেষে বলা যায়, প্রিলি পরীক্ষা যাই হোক না কেন, এখন থেকে মেনসের প্রস্তুতি নেওয়া দরকার। কারণ মেনসের প্রস্তুতি নিলে পরের বার প্রিলি পাশ করা অনেক সহজ হবে।

| বিষয় | সহজ | মাঝারি মানের | কঠিন | মোট |
|---|---|---|---|---|
| ইংরাজি | ০৮ | ০৮ | ০৯ | ২৫ |
| ইতিহাস | ০৬ | ০৪ | ০৭ | ১৭ |
| ভারতের স্বাধীনতা সংগ্রাম | ১৪ | ০৯ | ০৮ | ৩১ |
| ভূগোল | ০৪ | ০৭ | ১৫ | ২৬ |
| অর্থনীতি | ০৪ | ০৫ | ০৮ | ১৭ |
| ভারতের সংবিধান | ০৮ | ০১ | ০৩ | ১২ |
| সাধারণ বিজ্ঞান | ০৮ | ০৫ | ১১ | ২৪ |
| মেন্টাল এবিলিটি | ১১ | ১০ | ০৮ | ২৯ |
| কারেন্ট অ্যাফেয়ার্স ও জিকে | ০৩ | ০১ | ১৫ | ১৯ |
| মোট | ৬৬ | ৫০ | ৮৪ | ২০০ |

**গত ৬ বছরের প্রশ্নপত্র নিয়ে বিশ্লেষণ**

| প্রশ্নের ধরণ | WBCS ২০২০ | WBCS ২০১৯ | WBCS ২০১৮ | WBCS ২০১৭ | WBCS ২০১৬ | WBCS ২০১৫ |
|---|---|---|---|---|---|---|
| সহজ | ৬৬ | ৭২ | ৭৮ | ৮০ | ৬৩ | ৭৭ |
| মাঝারি মানের | ৫০ | ৫৮ | ৪৮ | ৭২ | ৬৬ | ৭০ |
| কঠিন | ৮৪ | ৭০ | ৭৪ | ৪৮ | ৭১ | ৫৩ |
| মোট | ২০০ | ২০০ | ২০০ | ২০০ | ২০০ | ২০০ |

**প্রিলিতে কোন বছরে কত কাট অফ নম্বর ছিল :**

| Category | WBCS 2018 | WBCS 2019 |
|---|---|---|
| Gen | 97.76 | 105.13 |
| OBC -A | 96.67 | 101.05 |
| OBC - B | 96.67 | 101/06 |
| SC | 89.33 | 96.18 |
| ST | 68.67 | 73.13 |

## কল্যাণী পুরসভায়

১ পাতার পর

৩)। এই পদের বিজ্ঞপ্তি নং 909/K.M, Date: 13/02/2020.
প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। সফল হলে ইন্টারভিউ। দরখাস্তের ফর্ম-সহ বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.kalyani municipality.org তখন সঙ্গে দেবেন : বয়স, শিক্ষাগত যোগ্যতা ও কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, এখনকার তোলা ও নিজের সই করা ১ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে)। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন Application for the post of Mazdoor under Kalyani Municipality, Kalyani, Nadia' দরখাস্ত পৌঁছনো চাই ৬ মার্চের মধ্যে। দরখাস্ত হাতে-হাতে বা, ডাকে পাঠাবেন এই ঠিকানায় : The Chairman, Kalyani Municipality, City Centre Complex, PO Kalyani, Dist-Nadia, Pin-741235.

## ওয়েস্টার্ন রিজিয়নে

১ পাতার পর

কারা কোন ট্রেডের জন্য যোগ্য :

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস :** মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন, সিভিল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস :** আই.টি.আই. থেকে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক মেকানিক, ইন্সট্রুমেন্ট মেকানিক, মেশিনিস্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -অ্যাকাউন্ট্যান্ট :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আবেদনের যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর-ফ্রেশার অ্যাপ্রেন্টিস) :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর -স্কিল সার্টিফিকেট হোল্ডার) :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আর ডোমেস্টিক ডাটা এন্ট্রি অপারেটর স্কিল সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

শূন্যপদ: টেকনিক্যাল পদে ৩৬৪টি ও নন-টেকনিক্যাল পদে ১৩৬টি। এর মধ্যে মহারাষ্ট্র ২৯৭ (জেনাঃ ১৫০, ই.ডব্লু.এস. ১৪, তঃজাঃ ২৯, তঃউঃজাঃ ২৬, ও.বি.সি. ৭৮)। গুজরাট ১১৩ (জেনাঃ ৫৫, ই.ডব্লু.এস. ৫, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ১৬, ও.বি.সি. ৩০)। মধ্যপ্রদেশ ৬৪ [জেনাঃ ৩১, ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ১২, ও.বি.সি. ৯)। ছত্তিশগড় ১৪ (জেনাঃ ৯, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৪)। গোয়া ৯(জেনাঃ ৭, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। দাদরা ও নগর-হাভেলি ৩টি (জেনাঃ ২, তঃউঃজাঃ ১))।

ওপরের সব ক্ষেত্রেই শিক্ষাগত যোগ্যতায় অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে ২৮-২-২০২০' এর হিসাবে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ও ট্রেড অ্যাপ্রেন্টিস কোর্স ১ বছরের ও ডাটা এন্ট্রি অপারেটর আর ডোমেস্টিক ডাটা এন্ট্রি অপারেটর ট্রেড ১৫ মাসের ট্রেনিং। অ্যাপ্রেন্টিস আইনানুযায়ী স্টাইপেন্ড পাবেন। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২০ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.iocl.com, www.iocl.com/peoplecareers/Apprenticeships.espx এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## সাউদার্ন রিজিয়নে

১ পাতার পর

কারা কোন ট্রেডের জন্য যোগ্য :

**ট্রেড অ্যাপ্রেন্টিস, ডাটা এন্ট্রি অপারেটর (ফ্রেশার)** : যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর-স্কিল সার্টিফিকেট হোল্ডার) :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আর ডোমেস্টিক ডাটা এন্ট্রি অপারেটর স্কিল সার্টিফিকেট কোর্সপাশ হলে যোগ্য।

বয়স হতে হবে ৩১-১-২০২০' এর হিসাবে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। ১৫ মাসের ট্রেনিং। অ্যাপ্রেন্টিস আইনানুযায়ী স্টাইপেন্ড পাবেন।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ৮ মার্চ, চেন্নাইয়ে। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল অ্যাপ্টিটিউট অ্যান্ড রিজনিং, জেনারেল ইংলিশ, নিউমেরিকাল অ্যাপ্টিটিউট, জেনারেল নলেজ ও অ্যাওয়ারনেস। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং নেই।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ ফেব্রুয়ারি পর্যন্ত, এই ওয়েবসাইটে : www.iocl.com এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। কোন রিজিয়নে ক'টি শূন্যপদ : তামিলনাড়ু ও পুদুচেরীতে ট্রেড অ্যাপ্রেন্টিস-ডাটা এন্ট্রি অপারেটর (ফ্রেশার) (কোড 01) ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। ট্রেড অ্যাপ্রেন্টিস-ডাটা এন্ট্রি অপারেটর (স্কিল সার্টিফিকেট হোল্ডার) ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১)।

কর্ণাটকে ট্রেড অ্যাপ্রেন্টিস- ডাটা এন্ট্রি অপারেটর (ফ্রেশার) (কোড 01) ২টি (জেনাঃ)। ট্রেড অ্যাপ্রেন্টিস-ডাটা এন্ট্রি অপারেটর (স্কিল সার্টিফিকেট হোল্ডার) ২টি (জেনাঃ)।

কেরালা ট্রেড অ্যাপ্রেন্টিস- ডাটা এন্ট্রি অপারেটর (ফ্রেশার) (কোড 01) ২টি (জেনাঃ)। ট্রেড অ্যাপ্রেন্টিস-ডাটা এন্ট্রি অপারেটর (স্কিল সার্টিফিকেট হোল্ডার) ১টি (জেনাঃ)।

অন্ধ্রপ্রদেশ ট্রেড অ্যাপ্রেন্টিস- ডাটা এন্ট্রি অপারেটর (ফ্রেশার) (কোড 01) ২টি (জেনাঃ)। ট্রেড অ্যাপ্রেন্টিস-ডাটা এন্ট্রি অপারেটর (স্কিল সার্টিফিকেট হোল্ডার) ১টি (জেনাঃ)।

তেলেঙ্গানা ট্রেড অ্যাপ্রেন্টিস-ডাটা এন্ট্রি অপারেটর (ফ্রেশার) (কোড 01) ২টি (জেনাঃ)। ট্রেড অ্যাপ্রেন্টিস-ডাটা এন্ট্রি অপারেটর (স্কিল সার্টিফিকেট হোল্ডার) ১টি (জেনাঃ)।

## রাজ্যে ৯ জিওলজিস্ট

রাজ্য সরকারের মাইন্স অ্যান্ড মিনারেল ডিরেক্টরেট অফিসে জিওলজিস্ট ও মাইনিং অফিসার পদে ৯ জন লোক নিচ্ছে।

জিওলজি বা, অ্যাপ্লায়েড জিওলজির দ্বিতীয় শ্রেণির মাস্টার ডিগ্রি কোর্স পাশরা 'জিওলজিস্ট' পদের জন্য যোগ্য। বিভিন্ন খনিজ দ্রব্য সংক্রান্ত বিষয়ে ২ বছরের প্র্যাক্টিক্যাল অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ৩৬ বছরের মধ্যে। মূল মাইনে : ১৫,৬০০-৪২,০০০ টাকা ও গ্রেড পে ৫,৪০০ টাকা। শূন্যপদ : ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. এ ক্যাটেগরি ১))।

মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশ কিংবা ধানবাদের মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে 'মাইনিং অফিসার' পদের জন্য যোগ্য। জিওলজি বা, অ্যাপ্লায়েড জিওলজির দ্বিতীয় শ্রেণির মাস্টার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। ২ বছরের প্র্যাক্টিক্যাল অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ১৫,৬০০-৪২,০০০ টাকা ও গ্রেড পে ৬,৬০০ টাকা। শূন্যপদ : ৪টি (জেনাঃ ৩, তঃউঃজাঃ ১))।

প্রার্থী বাছাই করবে 'West Bengal Public Service Commission'. এজন্য প্রথমে প্রিলিমিনারি স্ক্রিনিং টেস্ট হবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পি.এস.সি. কর্তৃপক্ষ পরে জানাবে। এই পদের বিজ্ঞপ্তি নং : ৭/২০২০.

দরখাস্ত করবেন অনলাইনে, ৫ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.wbpsc.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ২১০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা দিতে হবে। টাকা অনলাইনে বা, অফলাইনে দিতে পারবেন। অফলাইনে টাকা দিতে পারবেন ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানে, ৬ মার্চের মধ্যে। চালান ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। অনলাইনে টাকা জমা দিতে চাইলে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড ও নেট ব্যাঙ্কিংয়ে দিতে পারবেন।

## কেন্দ্রীয় সরকারে ১,১৫৭

১ পাতার পর

পাবেন ১৭ থেকে ২৪ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.ssc.nic.in প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। দরখাস্ত করবেন অনলাইনে। এই ওয়েবসাইটে : www.ssc.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (৪-২০ কেবির মধ্যে) ও সিগনেচার (১-১২ কেবির মধ্যে) স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পরীক্ষা ফী বাবদ নির্দিষ্ট টাকা স্টেট ব্যাঙ্কের কোনো শাখায় ওই চালানের মাধ্যমে টাকা জমা দেবেন কিংবা নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ডে জমা দেবেন।

## রেলে ৫৭০ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

মেশিনিস্ট, স্টেনোগ্রাফার (ইংলিশ), ইলেক্ট্রনিক মেকানিক, কেবল জয়েন্টার, ডিজেল মেকানিক, ম্যাসন, ব্লাকস্মিথ (ফাউন্ড্রিম্যান), সার্ভেয়ার, ড্রাফটসম্যান সিভিল, আর্কিটেকচারাল অ্যাসিস্ট্যান্ট, সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট (ইংলিশ) ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। ওপরের ওইসব ট্রেডে আই.টি.আই. কোর্স পাশ না হলে আবেদন করবেন না।

বয়স হতে হবে ৩-২-২০২০'এর হিসাবে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। সব ট্রেডেই ১ বছরের। কোন ট্রেডে ক'টি শূন্যপদ : ইলেক্ট্রিশিয়ান ১৩৮টি (জেনাঃ ৫৬, ই.ডব্লু.এস. ১৪, ও.বি.সি. ৩৭, তজাঃ ২১, তউজাঃ ১০)। ফিটার ১১৬টি (জেনাঃ ৪৭, ই.ডব্লু.এস. ১২, ও.বি.সি. ৩১, তজাঃ ১৭, তউজাঃ ৯)। ওয়্যারম্যান ৩০টি (জেনাঃ ১২, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৮, তজাঃ ৫, তউজাঃ ২)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ৩৪টি (জেনাঃ ১৪, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৯, তজাঃ ৫, তউজাঃ ৩)। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ৫২টি (জেনাঃ ২১, ই.ডব্লু.এস. ৫, ও.বি.সি. ১৪, তজাঃ ৮, তউজাঃ ৪)। কার্পেন্টার ২৮টি (জেনাঃ ১১, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৮, তজাঃ ৪, তউজাঃ ২)। পেইন্টার ২৩টি (জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৬, তজাঃ ৩, তউজাঃ ২)। এ.সি. মেকানিক ১০টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তজাঃ ১, তউজাঃ ১)। মেশিনিস্ট ১০টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তজাঃ ১, তউজাঃ ১)। স্টেনোগ্রাফার (ইংলিশ) ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। ইলেক্ট্রনিক মেকানিক ১৫টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৪, তজাঃ ২, তউজাঃ ১)। কেবল জয়েন্টার ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। ডিজেল মেকানিক ৩০টি (জেনাঃ ১২, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৮, তজাঃ ৫, তউজাঃ ২)। ম্যাসন ২৬টি (জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৭, তজাঃ ৪, তউজাঃ ২)। ব্লাকস্মিথ (ফাউন্ড্রিম্যান) ১৬টি (জেনাঃ ৭, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৪, তজাঃ ২, তউজাঃ ১)। সার্ভেয়ার ৮টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২, তজাঃ ১, তউজাঃ ১)। ড্রাফটসম্যান সিভিল ১০টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তজাঃ ১, তউজাঃ ১)। আর্কিটেকচারাল অ্যাসিস্ট্যান্ট ১২টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তজাঃ ২, তউজাঃ ১)। সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট (ইংলিশ) ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তজাঃ ১)।

১৯৬১ সালের অ্যাপ্রেন্টিস আইন ও ১৯৯২ সালের অ্যাপ্রেন্টিস নিয়মানুযায়ী ট্রেনিং। তখন স্টাইপেন্ড পাবেন। হস্টেল নেই। ট্রেনিং শেষে চাকরি পাওয়ার সম্ভাবনা থাকলেও কোনো বাধ্যবাধকতা নেই।

মাধ্যমিক / উচ্চমাধ্যমিকে পাওয়া নম্বর দেখে ও আই.টি.আই. কোর্স পাশের সার্টিফিকেট ও অন্যান্য প্রমাণপত্র দেখে প্রাথমিকভাবে বাছাই প্রার্থীদের মেধা তালিকা তৈরি করে সার্টিফিকেট ভেরিফিকেশনের জন্য ডাকা হবে। কোনো লিখিত পরীক্ষা বা, ইন্টারভিউ হবে না। উচ্চ শিক্ষাগত যোগ্যতা থাকলে বাড়তি কোনো সুযোগ পাবেন না। মোট শূন্যপদের ১.২৫ গুণ প্রার্থীকে সার্টিফিকেট ভেরিফিকেশনের জন্য ডাকা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ মার্চ পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.mponline.gov.in, www.wcr.indianrailways.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এজন্য নিচের এইসব প্রমাণপত্র স্ক্যান করে নেবেন : (ক) পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার, (খ) বুড়ো আঙুলের ছাপ (এল.টি.আই.)। ওপরের সব প্রমাণপত্র জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে এই লিঙ্কে যেতে হবে : *'Citizen Services'* link : *'Application → Jabalpur Division, West Central Railway → Services'*.

যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১৭০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না। এরপর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। এই পদের Notification No. মপই / কা-ভা /১৩৬ /1/ এক্ট অপ্রী./ ভর্তী / 2019-20 দিনাংক ০৩.০২.২০২০.

## কোস্ট গার্ডে ৩৭

১ পাতার পর

অ্যান্ড টেলিকমিউনিকেশন (রেডিও / পাওয়ার) ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্সে মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২২ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ১-৮-১৯৯৮ থেকে ৩১-৭-২০০২'এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর আর তপশিলী প্রার্থীরা ৫ বছর বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ (গোর্খা, নেপালী ও অসমীয়া হলে ১৫২) সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ বুকের ছাতি (অন্তত ৫ সেমি প্রসারণক্ষম) ও সামঞ্জস্যপূর্ণ ওজন থাকতে হবে। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া দু'চোখে ৬/২৪, যা চশমা -সহ ভালো চোখে ৬/৯ ও খারাপ চোখে ৬/১২। স্বাভাবিক শ্রবণশক্তি ও দু'পাটি অক্ষত দাঁত থাকা দরকার। রোগমুক্ত শরীর, শারীরিক ও মানসিকভাবে সুস্থ থাকতে হবে। বেসিক পে :২৯,২০০ টাকা। এছাড়াও রেশন ভাতা, পোশাক ভাতা, ডাক্তারি খরচ, সরকারি আবাসে পরিবার-সহ থাকার সুযোগ, যাতায়াত ভাড়ায় ছাড়, ১০ লাখ টাকা গ্রুপ বিমা, পেনশন, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, ক্যান্টিন, ঋণ ইত্যাদির সুযোগ পাবেন। ট্রেনিং শুরু আগস্টে, ওড়িশার আই.এন.এস. চিল্কায়। ট্রেনিং চলাকালীন যাবতীয় খরচ সরকার বহন করবে। এই পদ থেকে 'প্রধান সহায়ক ইঞ্জিনিয়ার' পদ পর্যন্ত পদোন্নতির সুযোগ আছে। তখন বেসিক পে: ৪৭,৬০০ টাকা। শূন্যপদ : যান্ত্রিক টেকনিক্যাল (মেকানিক্যাল) ১৯টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২)। যান্ত্রিক টেকনিক্যাল (ইলেক্ট্রিক্যাল) ৩টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, তজাঃ ১)। যান্ত্রিক টেকনিক্যাল (ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন) ১৫টি (জেনাঃ ৭, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৪, তঃজাঃ ৩)। এই পদের ব্যাচ নং : 02/2020.

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে লিখিত পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা ও ডাক্তারি পরীক্ষা হবে এপ্রিলে। পরীক্ষা হবে পূর্ব ভারতে কলকাতায়। এই ঠিকানায় : Coast Guard Regional Headquarters (North East), Synthesis Business Park, 6th Floor Shrachi Building, New Town Rajarhat, Kolkata - 700 161. ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.joinindiancoastguard.gov.in

লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স ও টেলিকমিউনিকেশন বিষয়ে। এছাড়াও থাকবে জেনারেল নলেজ, রিজনিং অ্যাপ্টিটিউড ও ইংরিজি বিষয়। ওইদিনই ফল বেরোবে। এরপর হবে শারীরিক সক্ষমতার পরীক্ষা। ওই পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কি.মি. দৌড়, ২০ বার ওঠবোস ও ১০ বার পুশ আপ। সফল হলে ইন্টারভিউ ও ডাক্তারি পরীক্ষা হবে। এজন্য ২-৩ দিন থাকার প্রস্তুতি নিয়ে যাবেন। মেধা তালিকা প্রকাশিত হবে জুলাইয়ে। দরখাস্ত করবেন অনলাইনে, ১৬ মার্চ থেকে ২২ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindiancoastguard.gov.in অনলাইনে দরখাস্ত করার আগে বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে 'সাবমিট' করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর ২ কপি প্রিন্ট করে নেবেন। ওই প্রিন্ট করা ফর্মে রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার তারিখ, স্থান ও সময় উল্লেখ থাকবে। প্রার্থী বাছাই পরীক্ষার দিন সঙ্গে নিয়ে যাবেন ওই ফর্মের কপি, ই-অ্যাডমিট কার্ডে ৩টি প্রিন্ট কপি, বয়স, শিক্ষাগত যোগ্যতা ও কাস্ট সার্টিফিকেটের প্রত্যয়িত নকল ও মূল কপি, নীল রংয়ের ব্যাকগ্রাউন্ডে তোলা ১০ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (১ কপি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে), ক্যারেক্টার সার্টিফিকেট, এন.সি.সি. ও স্পোর্টস সার্টিফিকেটের মূল ও প্রত্যয়িত নকল।

## রাইসের ১৪ তম সমাবর্তন উৎসব



**নিজস্ব প্রতিনিধি** : প্রতিবছরের মতো এবারও রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন চাকরির পরীক্ষায় সফল প্রার্থীদের সংবর্ধিত করল রাইস গ্রুপ। ডব্লুবিসিএস থেকে শুরু করে রেল, বিমা, ব্যাঙ্ক-সহ বিভিন্ন চাকরির পরীক্ষায় যাঁরা রাইস থেকে পড়াশোনা করে সফল হয়েছেন, তাঁদের পুরস্কৃত করা হয়। ১৪ তম সমাবর্তন উৎসব হল ১৬ ফেব্রুয়ারি, রবিবার, বারাসতের অ্যাডামাস নলেজ সিটি ক্যাম্পাসে। হাজির ছিলেন রাজ্যের শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়, স্বাস্থ্য দফতরের রাষ্ট্রমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, রাইসের কর্ণধার অধ্যাপক সমিত রায়। এছাড়াও ছিলেন রাজ্যের বিভিন্ন সরকারি আমলারাও।

পুরস্কার প্রাপকদের হাতে তুলে দেওয়া হয় উত্তরীয়, ট্রফি ও হাতঘড়ি। ডব্লুবিসিএস পরীক্ষায় এই সংস্থার যেসব ছাত্রছাত্রী ভালো র‍্যাঙ্ক পেয়েছেন, তাঁদের জন্য ছিল বিশেষ পুরস্কার। ২০১৬ ও ২০১৮ সালের ডব্লুবিসিএসের গ্রুপ-এ'র এক্সিকিউটিভ পদের পরীক্ষায় প্রথম ও দ্বিতীয় স্থানাধিকারী ২ ছাত্র শুভঙ্কর দত্ত ও জয়ন্ত সাহাকে গাড়ি উপহার দেওয়া হয়। এছাড়াও, ডব্লুবিসিএস পরীক্ষায় গ্রুপ-এ, গ্রুপ-বি'এর অন্যান্য স্থানাধিকারীকে দেওয়া হয় মাইক্রোওভেন, ব্লুটুথ সাউন্ড বারের মতো আকর্ষণীয় পুরস্কার।

এদিন, সকাল সাড়ে ৯টায় প্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠান শুরু হয়। সফলদের সংবর্ধনা দেওয়ার পাশাপাশি ছিল প্রাক্তনীদের সঙ্গে আলোচনার এক বিশেষ পর্ব— 'টপাসটক'। এই আলোচনায় এখনকার ছাত্রছাত্রীরা প্রাক্তনীদের সঙ্গে কথা বলে জানতে চান তাঁদের সাফল্যের রসায়ন, পরীক্ষার প্রস্তুতির পদ্ধতি ইত্যাদি বিষয়। একইসঙ্গে ছিল চাকরির পরীক্ষার ট্রেনিং বিষয়ক এক বিশেষ সেমিনার। অ্যাডামাস বিশ্ববিদ্যালয় অডিটোরিয়ামে এই সেমিনার হয়। রাইসের কর্ণধার অধ্যাপক সমিত রায় জানান, 'প্রতিবারের মতো এবারও রাজ্য তথা কেন্দ্রীয় সরকারের বিভিন্ন পদে কর্মরত প্রার্থীদের সংবর্ধনা দেওয়া হচ্ছে। দেশের নানা প্রান্ত থেকে প্রাক্তনীরা এই অনুষ্ঠানে যোগ দেন। আমাদের মূল উদ্দেশ্য হল, প্রাক্তনীদের সাফল্যকে রাইসের এখনকার ছাত্রছাত্রীদের সামনে তুলে ধরে তাঁদের অনুপ্রাণিত করা। আমি বিশ্বাস করি, এই বিশেষ অনুষ্ঠান দেশ তথা রাজ্যের নতুন প্রজন্মকে আমলা-সহ বিভিন্ন সরকারি চাকরির পরীক্ষায় বসতে ও প্রস্তুতি নিতে অনুপ্রাণিত করবে।'

## মাদ্রাসা সার্ভিস কমিশনের

১ পাতার পর

রাজ্য সভাপতি তথা উত্তর ২৪ পরগনা জেলা পরিষদের বন ও ভূমি দফতরের কর্মাধ্যক্ষ এ কে এম ফারহাদ বলেন, 'এই মামলার বিষয়ে আমাদের সংগঠনের মুখ্য উপদেষ্টা কলকাতা পুরনিগমের মেয়র তথা রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিমের মারফৎ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় থেকে সংখ্যালঘু উন্নয়ন দফতর, মাদ্রাসা শিক্ষা পর্ষদ ও সংশ্লিষ্ট সব দফতরের সঙ্গে প্রতিনিয়ত নিবিড় যোগাযোগ রেখে আধিকারিকদের সহযোগিতা নিয়ে সব প্রতিকূলতা ও জল্পনা কাটিয়ে মাদ্রাসা সার্ভিস কমিশনের পক্ষে আমাদের অবস্থান স্পষ্ট ও প্রতিষ্ঠা করি। এর আগে ফিরহাদ হাকিম আমাদের ডেকলায় অহীন্দ্র মঞ্চের রাজ্য সম্মেলন মঞ্চ থেকে হাজার হাজার মাদ্রাসা শিক্ষকের সামনে মাদ্রাসা সার্ভিস কমিশনের পক্ষে মুখ্যমন্ত্রী তথা রাজ্য সরকারের অবস্থান স্পষ্ট করেন। এ বিষয়ে দফতরের প্রধান সচিব বিবেক কুমারের কর্মকুশলতা ও ইতিবাচক ভূমিকা উল্লেখযোগ্য। পশ্চিমবঙ্গ মাদ্রাসা পর্ষদের সভাপতি ডঃ আবুতাহের কামরুদ্দিন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। মুখ্যমন্ত্রীর আন্তরিক সদিচ্ছা ও তাঁর দফতরের আধিকারিকদের নিরন্তর চেষ্টায় রাজ্য সরকার এই মামলায় জয়ী হয়েছে ও রায় বেরোনোর পরের দিন থেকেই আমরা 'এমএএমই' দফতর ও মাদ্রাসা সার্ভিস কমিশনের সঙ্গে প্রতিনিয়ত যোগাযোগ রেখে আটকে থাকা নিয়োগ, বদলি ও পরীক্ষা নেওয়া ইত্যাদি যাবতীয় বিষয় কার্যকর করার জন্য ও জরুরিভিত্তিক উদ্যোগ নেওয়ার জন্য একাধিকবার দরবার করেছি। মাদ্রাসা সার্ভিস কমিশন এবিষয়ে যাবতীয় উদ্যোগ নিয়েছে। প্রতিটি জেলার ইন্সপেক্টরদের কাছ থেকে শূন্যপদ পূরণের লিপি চেয়ে পাঠানো হয়েছে। মাদ্রাসা শিক্ষকদের এই মুহূর্তের সবচেয়ে জরুরি বিষয় বদলি। সেই বদলি সমস্যার সুরাহা শিগগিরই হবে।' সংগঠনের ওয়ার্কিং প্রেসিডেন্ট নুরুল হক বৈদ্য ও সাধারণ সম্পাদক ইরফান আলী বিশ্বাস বলেন, 'এ কে এম ফারহাদ মাদ্রাসা ও মাদ্রাসা শিক্ষকদের যেকোনো সমস্যাকে যেভাবে চটপট মেটানোর চেষ্টা করছেন তা অবশ্যই প্রশংসনীয়। রাজ্যের সব মাদ্রাসা শিক্ষকদের তাঁর নেতৃত্বের প্রতি আস্থা রয়েছে।' এর মধ্যে মাদ্রাসা সার্ভিস কমিশন শিক্ষকদের মিউচুয়াল ও জেনারেল ট্রান্সফারের বিজ্ঞপ্তিও জারি করেছে। ২০১৩ সালের পরীক্ষার বাছাই তালিকা থেকে ফিজিক্যাল এডুকেশন ও ওয়ার্ক এডুকেশনের শিক্ষক নিয়োগ প্রক্রিয়াও মাদ্রাসা সার্ভিস কমিশন চালু করতে চলেছে।


মাদ্রাসা সার্ভিস কমিশন
• কর্মশিক্ষা ও শারীরশিক্ষা
• ICDS Supervisor (Main) April 2020
• School Service Commission (All Subject)
বর্ধমান | কান্দি | খাতড়া
7478177294, 8768045166



১৬৪ পাতার
কর্মসংস্থান গোষ্ঠীর
সাফল্য
দাম মাত্র ৩০ টাকা
আমরা 'Common' প্রশ্নের দিই না। 'Uncommon'-এর মধ্যে কীভাবে 'Common' পাওয়া যায় তার পথ বাতলাই
এবার আরো বেশি পাতা
আরো সম্ভাব্য প্রশ্নোত্তর
প্রতিটি চাকরির পরীক্ষায় এখন প্রশ্নের ধরন ও রীতি বদলে যাচ্ছে। নতুন ধরনের কঠিন ও আপাত কঠিন প্রশ্ন আর তার উত্তর চটপট বের করার কৌশল শেখানোর
হাতে-কলমে কোচিং
ঘরে বসে চাকরির পরীক্ষার কোচিং নেওয়ার পথ প্রথম দেখিয়েছে সাফল্য। তবে এখন বদলেছে প্রশ্নও। নতুন ধরনের প্রশ্নের উত্তর চটপট বের করার কৌশল শেখাচ্ছেন বিশেষজ্ঞরা, যা একমাত্র নির্ভরযোগ্য ও আস্থার।
বিনামূল্যে ৩২ পাতার WBCS প্রিলিমিনারি ও রেলের গ্রুপ 'ডি' পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর


ফেব্রুয়ারি সংখ্যায় আছে
✓ পি.এস.সি মিসলেনিয়াস পদের পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর
✓ এস.এস.সি'র জুনিয়র ইঞ্জিনিয়ার (মেকা.) পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
✓ রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর
✓ কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
✓ কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল পরীক্ষার সম্ভাব্য ২ সেট প্রশ্নোত্তর
✓ ডব্লু.বি.সি.এস প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
✓ মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
✓ এস.বি.আই.'র জুনিয়র অ্যাসোসিয়েটস পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
সংবাদপত্রের হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
Help Line : 983062 4170

# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এই বিষয়টি নিয়ে সব ছেলেমেয়েরাই যতটা গুরুত্ব দেওয়া উচিত ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা একপ্রকার অসম্ভব। এই সমস্যার সমাধান করতে এবার থেকে আমরা সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে সম্পূর্ণ নতুনভাবে চাকরির উপযোগী সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দিচ্ছি।

## সাধারণ বিজ্ঞান

### জীববিদ্যা

১। সালোকসংশ্লেষের প্রধান স্থান কী — পাতা।

২। সালোকসংশ্লেষ প্রক্রিয়ায় উৎপন্ন অক্সিজেনের উৎস কী — জল।

৩। চিংড়ির শ্বাসযন্ত্রের নাম কী — ফুলকা।

৪। কোন প্রাণী নিজ দেহে খাদ্য তৈরি করতে পারে — ইউগ্লিনা।

৫। মানব দেহের কোন গ্রন্থিকে 'মিশ্র গ্রন্থি' বলে — অগ্ন্যাশয়।

### পদার্থবিদ্যা

৬। তরলের ওপর চাপ বাড়িয়ে স্ফুটনাঙ্ক বাড়ানোর একটি পরিচিত যন্ত্রের নাম



কী — প্রেশার কুকার।

৭। বিভব পার্থক্যের ব্যবহারিক একক কী — ভোল্ট।

৮। হীরককে উজ্জ্বল দেখানোর কারণ কী — আভ্যন্তরীণ পূর্ণ প্রতিফলন।

৯। তরঙ্গ কয় প্রকার ও কী কী — ২ প্রকার। অনুদৈর্ঘ্য তরঙ্গ ও তির্যক তরঙ্গ।

১০। কোন যন্ত্রের সাহায্যে তরলের আপেক্ষিক গুরুত্ব মাপা হয় — হাইড্রোমিটার।

### রসায়ন

১১। সবথেকে ভারী ধাতুর নাম কী — লেড।

১২। বর্ণহীন ফেরাস ক্লোরাইডের দ্রবণে ক্লোরিন গ্যাস চালনা করলে কী উৎপন্ন হয় — হলুদ বর্ণের ফেরিক ক্লোরাইড।

১৩। একটি কলয়েডের উদাহরণ দাও — কুয়াশা।

১৪। কয়েকটি প্রকৃত দ্রবণের উদাহরণ দাও — চিনি, সাধারণ লবণ, তুঁতে।

১৫। 'অক্সিজেন' কথাটির অর্থ কী — অম্ল উৎপাদক।

## ইতিহাস

### ভারতের ইতিহাস

১৬। ইলোরার কৈলাসনাথ মন্দির কোন বংশীয় রাজাদের কীর্তি — রাষ্ট্রকূট।

১৭। বৈদিক যুগে চিকিৎসককে কী বলা হত — ভিষক।

১৮। 'সীমান্ত গান্ধী'র আসল নাম কী —



খান আব্দুল গফফর খান।

১৯। ভারতের প্রথম ভাইসরয় কে — লর্ড ক্যানিং।

২০। 'মারাঠা মেকিয়াভেলি' কাকে বলা হত — নানা ফড়নবীশ।

### ভারতের স্বাধীনতা সংগ্রাম

২১। ভারতীয় জাতীয় কংগ্রেস কোন বড়লাটের আমলে প্রতিষ্ঠিত হয় — লর্ড ডাফরিন।

২২। কোন ভাইসরয় আন্দামানে আততায়ীর হাতে নিহত হন — লর্ড মেয়ো।

২৩। 'বৈদিক যুগে ফেরো'- এটি কার স্লোগান ছিল — দয়ানন্দ সরস্বতী।

২৪। 'স্যাডলার কমিশন' কত সালে গঠিত হয় — ১৯১৭ সালে।

২৫। 'জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ড'এর সময় পঞ্জাবের লেফটেন্যান্ট গভর্নর কে ছিলেন — ও'ডায়ার।

## ভূগোল

### ভারতের ভূগোল

২৬। নর্মদা নদীর উৎপত্তিস্থল কোথায় — অমরকন্টক মালভূমি।

২৭। ওড়িশার দামনজোড়ি কীজন্য বিখ্যাত — অ্যালুমিনিয়াম।

২৮। 'মান্নার উপসাগর'টি কোথায় আছে — তামিলনাড়ুর পূর্বে।

২৯। 'লুনি' নদীর উপনদী কী কী — সুকরী ও জাওয়াই।

৩০। কেরল উপকূলের জলাভূমি কী নামে পরিচিত — ব্যাক ওয়াটার্স।

### আন্তর্জাতিক ভূগোল

৩১। কোন শহরকে 'উত্তরের ভেনিস' বলে — আমস্টারডাম।

৩২। কোন নদী নিরক্ষরেখাকে দু'বার ছেদ করেছে — জাইরে (কঙ্গো)।

৩৩। 'আইনু' কাদের বলে — জাপানের আদিম অধিবাসীদের।

৩৪। আমাজন অববাহিকার উপজাতিদের



কী বলে — অ্যামেরেন্ডিয়ান।

৩৫। ইউরোপের শ্রেষ্ঠ শিল্প প্রধান দেশের নাম কী — ব্রিটেন।

## অর্থনীতি

৩৬। মার্কিন যুক্তরাষ্ট্রের 'উই ওয়ার্ক' সংস্থার চিফ এক্সিকিউটিভ অফিসার পদে কে মনোনীত হলেন — সন্দীপ মথরানি।

৩৭। ২০২০ সালের ১০ ফেব্রুয়ারি থেকে ১৪ ফেব্রুয়ারি পর্যন্ত 'আর্থিক স্বাক্ষরতা সপ্তাহ' (FLW) পালন করল ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক। এবছর এর থিম কী ছিল — মাইক্রো, স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজেস (MSMEs)।

৩৮। বিশ্বব্যাঙ্কের প্রধান অর্থনীতিবিদ সম্প্রতি পদত্যাগ করার ঘোষণা করেছেন। তাঁর নাম কী — পিনেলোপি কউজিয়ানৌ গোল্ডবার্গ।

৩৯। ২০২০ সালে কোন সংস্থা 'ডিজিটাল পেমেন্ট ইনডেক্স' তৈরি করবে — ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক।

## রাষ্ট্রনীতি

৪০। অবসর নেওয়ার পর, সুপ্রিম কোর্টের বিচারপতিরা কী কাজ করতে পারেন না — আইনজীবীর কাজ।

৪১। সংবিধানের কোন ধারায়, প্রত্যেক রাজ্যে হাই কোর্ট স্থাপনের কথা বলা হয়েছে — ২১৪ নম্বর।

৪২। মহকুমা স্তরে দেওয়ানি আদালত কোনটি — মুন্সেফি আদালত।

৪৩। লোক আদালতের জনক কে — সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতি পি.এন.ভগবতী।

৪৪। লোকসভার জিরো আওয়ারের মেয়াদকাল কতদিনের — অনির্দিষ্ট।

৪৫। রাষ্ট্রপতির বক্তৃতা কে তৈরি করেন — প্রধানমন্ত্রী ও তাঁর ক্যাবিনেট।

## সাম্প্রতিক ঘটনা

৪৬। ২০২০ সালে 'ব্রিটিশ আকাদেমি অফ ফিল্ম অ্যান্ড টেলিভিশন আর্টস' (BAFTA) চলচ্চিত্র পুরস্কারে কোন চলচ্চিত্র সম্প্রতি সেরা চলচ্চিত্রের সম্মান পেয়েছে — স্যাম মেন্ডেস পরিচালিত ব্রিটিশ চলচ্চিত্র '১৯১৭'।

৪৭। সম্প্রতি ব্রিটেন 'ইউরোপীয় ইউনিয়ন'এর সদস্যপদ থেকে বেরিয়ে যাওয়ার পর, এখন ইউরোপীয় ইউনিয়নের সদস্যসংখ্যা কত — ২৭।

৪৮। শ্রীলঙ্কার স্বাধীনতা দিবস কবে পালিত হয় — ৪ ফেব্রুয়ারি।

৪৯। ২০২০ সালে কে 'বর্ষসেরা মাথরুভূমি বই' পুরস্কার পেলেন — 'সাহিত্য আকাদেমি পুরস্কার' প্রাপ্ত বিশিষ্ট হিন্দি কবি-ঔপন্যাসিক বিনোদ কুমার শুক্লা (অনুবাদকৃত বই 'Blue Is Like Blue'এর জন্য এই পুরস্কার পেলেন তিনি)।

৫০। ২০২০ সালে কোন রাজ্যে ভারতের সবথেকে বড় রুরাল টেকনিক্যাল উৎসব 'আন্তঃপ্রজ্ঞা' অনুষ্ঠিত হয়েছে — তেলেঙ্গানা (এবছর এর থিম ছিল 'স্পট অ্যান্ড এনকারেজ রুরাল টেক ইনোভেটরস')।

৫১। 'প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা যোজনা' বাস্তবায়নের জন্য, ভারতের কোন রাজ্য সরকার প্রথম স্থান পেল — মধ্য প্রদেশ।

৫২। 'কোল ইন্ডিয়া লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর পদে সম্প্রতি কে দায়িত্ব নিলেন — প্রমোদ আগরওয়াল।

৫৩। কোন ভারতীয় চলচ্চিত্রাভিনেত্রী ২০১৮ সালের জন্য, মধ্য প্রদেশ সরকারের 'জাতীয় কিশোর কুমার সম্মান' পেলেন — ওয়াহিদা রহমান।

৫৪। সম্প্রতি কোন দেশ ফের ৫৪ তম সদস্য দেশ হিসাবে 'কমনওয়েলথ'এ যোগ দিল — মলদ্বীপ।

৫৫। কে সম্প্রতি কর্ণাটকে, হুবলি-ধারওয়াদ বাস র‍্যাপিড ট্রানসিট সিস্টেম (BRTS) প্রকল্প উদ্বোধন করেছেন — ভারতের উপরাষ্ট্রপতি মুপ্পাভারাপু বেঙ্কাইয়া নাইডু।

৫৬। 'উইপ্রো'র চিফ এক্সিকিউটিভ অফিসার ও ম্যানেজিং ডিরেক্টর পদ থেকে কে সম্প্রতি পদত্যাগ করলেন — আবিদালি নিমুচাওয়ালা।

৫৭। 'বিশ্ব ক্যান্সার দিবস' কবে পালিত হয় — ৪ ফেব্রুয়ারি (এবছর এর থিম ছিল 'আই অ্যাম অ্যান্ড আই উইল')।

৫৮। রাজ্যের জনগণের দোরগোড়ায় পেনশন পৌঁছে দিতে, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'ওয়াইএসআর পেনশন কানুকা' প্রকল্প চালু করেছে — অন্ধ্র প্রদেশ।

৫৯। কানাডায়, ভারতের পরবর্তী হাই কমিশনার সম্প্রতি কে হলেন — অজয় বিশারিয়া।

৬০। ভারতের প্রথম ফল ট্রেন সম্প্রতি কোন রাজ্যে চালু হয়েছে — অন্ধ্র প্রদেশ (অন্ধ্র প্রদেশের তাদিপত্রি রেলওয়ে স্টেশন থেকে ৯৮০ মেট্রিক টন স্থানীয় কলা নিয়ে এই ট্রেন যাবে মুম্বই আর সেখান থেকে তা বিদেশে রফতানি করা হবে)।

৬১। কসোভোর প্রধানমন্ত্রী এখন কে



— আলবিন কুর্তি।

৬২। 'সেন্ট্রাল বোর্ড অফ ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস'এর (CBIC) চেয়ারম্যান পদে সম্প্রতি কে মনোনীত হলেন — এম অজিত কুমার।

৬৩। শ্রীলঙ্কায়, ভারতের হাই কমিশনার কে মনোনীত হলেন — গোপাল বাগলে।

৬৪। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি, ভারতীয় বা, বিদেশি লটারি বিক্রেতাদের মাধ্যমে পরিচালিত সবধরণের অনলাইন লটারি স্কিম নিষিদ্ধ করেছে — পঞ্জাব।

৬৫। বিশ্বখ্যাত তথ্যপ্রযুক্তি সংস্থা 'ইন্টারন্যাশনাল বিজনেস মেশিনস কর্পোরেশন'এর (IBM) চিফ এক্সিকিউটিভ অফিসার কে হচ্ছেন — ভারতীয় বংশোদ্ভূত বিশিষ্ট প্রযুক্তি বিশেষজ্ঞ অরবিন্দ কৃষ্ণ।

৬৬। ২০২০ সালে 'আকাদেমি অ্যাওয়ার্ডস'এ অতিথি বিভাগে অর্কেস্ট্রা পরিচালিত প্রথম মহিলা হিসাবে কে নজির গড়েছেন — আইরিশ সুরকার আইমার নুন।

৬৭। ইরাকের প্রধানমন্ত্রী এখন কে —



মুহাম্মদ তৌফিক আলাবি।

৬৮। ঘরে ঘরে সরকারের বিভিন্ন পরিষেবা পৌঁছে দিতে ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'জনসেবক' প্রকল্প চালু করল — কর্ণাটক সরকার।

৬৯। কে সম্প্রতি প্রথম ভারতীয় হিসাবে 'দ্য ইন্টারন্যাশনাল আসোসিয়েশন অফ ডেন্টাল রিসার্চ'এর (IADR) ফেলোশিপ পেয়ে নজির গড়লেন — 'আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়'এর (AMU) অধীন 'ড. জেড এ ডেন্টাল কলেজ'এর (ZADC) ডিপার্টমেন্ট অফ পেডিয়াট্রিক্স অ্যান্ড প্রিভেন্টিভ ডেন্টিস্ট্রি'র চেয়ারপার্সন ড. সাইমা ইউনুস খান।

৭০। জন্মহার বাড়ানোর লক্ষ্যে কোন দেশ সম্প্রতি 'বেবি বোনাস যোজনা' চালু করেছে — গ্রিস।

৭১। মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক সিইওওয়ার্ল্ড ম্যাগাজিন'এর সমীক্ষা অনুযায়ী, বিশ্বের সবথেকে ব্যয়বহুল দেশ কোনটি — সিঙ্গাপুর (দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে নরওয়ে ও আইসল্যান্ড। এই তালিকায় ভারতের স্থান ১৩০)।

৭২। জেএসডব্লু স্টিল কোম্পানির প্রচারদূত এখন কে — ভারতীয় ক্রিকেটার ঋষভ পন্থ।

৭৩। ২০২০ সালে 'গ্লোবাল ইন্টেলেকচুয়াল প্রপার্টি ইনডেক্স'এ ৫৩টি দেশের মধ্যে ভারতের স্থান কত — ৪০।

৭৪। কে সম্প্রতি বিশ্বের কনিষ্ঠতম মহিলা হিসাবে দক্ষিণ আমেরিকার সর্বোচ্চ পর্বতশৃঙ্গ 'মাউন্ট অ্যাকনকাগুয়া' (৬,৯৬২ মিটার) জয় করে নজির গড়লেন — মুম্বইয়ের 'নেভি চিলড্রেন স্কুল'এর সপ্তম শ্রেণির ছাত্রী কাম্যা কার্তিকেয়ন।

৭৫। সম্প্রতি নয়াদিল্লিতে, ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি ড. এপিজে আব্দুল কালামের বায়োপিকের প্রথম ছবি প্রকাশ করলেন কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী প্রকাশ জাভড়েকর। চলচ্চিত্রটির নাম কী — এপিজে আব্দুল কালাম : দ্য মিসাইল ম্যান (এই চলচ্চিত্রটিতে ড. কালামের ভূমিকায় অভিনয় করবেন হলিউড অভিনেতা মুহাম্মদ আলি)।

৭৬। কয়লাখনির যথাযথ কয়লা উত্তোলনের জন্য, সম্প্রতি নর্দার্ন কোল ফিল্ড লিমিটেড একটি গবেষণা ও উন্নয়ন কেন্দ্রের সূচনা করেছে। এটির নাম কী — সায়েন্স অ্যান্ড অ্যাপ্লায়েড রিসার্চ অ্যালিয়েন্স অ্যান্ড সাপোর্ট (SARAS)।

৭৭। ভারতের কোন রাজ্যে সম্প্রতি কেন্দ্রীয় সরকারের উদ্যোগে, 'রিজিওনাল কানেক্টিভিটি স্কিম — উড়ে দেশ কা আম নাগরিক' (RCS-UDAN) এর আওতায় প্রথম হেলিকপ্টার পরিষেবা চালু হয়েছে — উত্তরাখণ্ড (দেরাদুনের সহস্রধারা হেলিপ্যাড থেকে গওচর ও চিনিয়ালিসৌর পর্যন্ত প্রথমবারের মতো এই হেলিকপ্টার পরিষেবা চালু হয়েছে)।

## খেলাধুলা

৭৮। কে সম্প্রতি বিনা প্রতিদ্বন্দ্বিতায়, 'সর্বভারতীয় প্যারালিম্পিক্স কমিটি'র প্রেসিডেন্ট পদে মনোনীত হলেন — রিও গেমসে পদক জয়ী বিশেষভাবে সক্ষম ক্রীড়াবিদ দীপা মালিক।

৭৯। কে সম্প্রতি ২০১৯ সালে পোল্যান্ডের বর্ষসেরা ফুটবলার মনোনীত হলেন — রবার্ট লেওনডস্কি।

৮০। কে সম্প্রতি প্রথম ভারতীয় মহিলা ফুটবলার হিসাবে ইউরোপের কোনো ক্লাবের সঙ্গে পেশাদার চুক্তি করলেন — মণিপুরের বালা দেবী (স্কটল্যান্ডের বিখ্যাত রেঞ্জার্স এফসি ফুটবল ক্লাবে সই করলেন ভারতের জাতীয় মহিলা ফুটবল দলের এই সদস্যা। তাদের প্রথম এশিয়ান ফুটবলার হিসাবে বালা দেবীকে সই করাল বিখ্যাত এই স্কটিশ ক্লাব)।

৮১। কে সম্প্রতি ২০১৯ সালের 'ওয়ার্ল্ড গেমস অ্যাথলিট অফ দ্য ইয়ার' সম্মানে



ভূষিত হলেন — ভারতের মহিলা হকি দলের অধিনায়ক রানি রামপাল।

৮২। গ্লোবাল অ্যাডভাইসরি ফার্ম 'ডাফ অ্যান্ড ফেল্পস'এর সমীক্ষা রিপোর্ট অনুযায়ী, কে সম্প্রতি এই নিয়ে তৃতীয়বার ভারতের সবথেকে মূল্যবান তারকার তকমা পেলেন — ক্রিকেটার বিরাট কোহলি (তাঁর বাজার দর ২৩৭.৫ মিলিয়ন ডলার)।

৮৩। 'জাতীয় ভারোত্তোলন প্রতিযোগিতা'য় মহিলা ও পুরুষ বিভাগে কারা সম্প্রতি সেরার সম্মান পেলেন — যথাক্রমে সাইখোম মীরাবাই চানু ও জেরেমি লালরিননুঙ্গা।

৮৪। ২০২০ সালে 'খেলো ইন্ডিয়া আইস হকি চ্যাম্পিয়নশিপ'এ কোন দল চ্যাম্পিয়ন হয়েছে — লাদাখ স্কাউটস (ইন্দো-টিবেটান বর্ডার পুলিশকে ৩-২ ব্যবধানে হারিয়ে)।

সঙ্কলক : পলি দেওয়ান

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**৪ ফেব্রুয়ারি :** ঘরে ঘরে সরকারের বিভিন্ন পরিষেবা পৌঁছে দিতে 'জনসেবক' প্রকল্প চালু করল কর্ণাটক সরকার। এছাড়াও একটি ওয়েবসাইটও (janasevaka.karnataka.gov.in) চালু করেছে কর্ণাটক। প্রকল্পটির আওতায় রাজ্যের নাগরিকরা রেশন কার্ড, স্বাস্থ্য কার্ড, প্রবীণ নাগরিক পরিচয়পত্র, রাজস্ব খাতা, বিবাহ নিবন্ধন শংসাপত্র প্রদান-সহ ৫৩টি গুরুত্বপূর্ণ সরকারি পরিষেবা বাড়িতে বসেই পাবেন।

**৫ ফেব্রুয়ারি :** জেএসডব্লু স্টিল কোম্পানির প্রচারদূত হলেন ভারতীয় ক্রিকেটার ঋষভ পন্থ।



বাংলার ক্রিকেট প্রশাসনের ইতিহাসে, ৩৮ বছর বয়সে 'ক্রিকেট অ্যাসোসিয়েশন অফ বেঙ্গল'এর (CAB) সর্বকনিষ্ঠ প্রেসিডেন্ট হলেন 'বোর্ড অফ কন্ট্রোল ফর ক্রিকেট ইন ইন্ডিয়া'র (BCCI) প্রাক্তন প্রেসিডেন্ট প্রয়াত জগমোহন ডালমিয়ার ছেলে অভিষেক ডালমিয়া।

☐ ক্রমহ্রাসমান জনসংখ্যা গ্রিসে একটি সমস্যা হয়ে দাঁড়িয়েছে। এজন্য সব পরিবারকে সন্তান জন্ম দিতে উৎসাহিত করার লক্ষ্যে 'বেবি বোনাস যোজনা' চালু করল সে দেশের সরকার। এই প্রকল্পের অধীনে, জন্মের হার বাড়ানোর জন্য দম্পতিদের ২,০০০ ইউরো বোনাস দেওয়া হবে। রাষ্ট্রসঙ্ঘের পরিসংখ্যান অনুযায়ী, গ্রিসের জনসংখ্যা এখন ১.০৭ কোটি। সরকারি পরিসংখ্যান অনুযায়ী, গ্রিসে জন্মহার না বাড়লে পরবর্তী ৩০ বছরে সেদেশের জনসংখ্যা এক তৃতীয়াংশে (৩৩%) কমে যাবে।

**৬ ফেব্রুয়ারি :** ব্রিটেনে, ভারতের হাই কমিশনার হলেন ফিলিপ বার্টন।

☐ গ্লোবাল অ্যাডভাইসরি ফার্ম 'ডাফ অ্যান্ড ফেল্পস'এর সমীক্ষা রিপোর্ট অনুযায়ী, এই নিয়ে তৃতীয়বার ভারতের সবথেকে মূল্যবান তারকার তকমা পেলেন ক্রিকেটার বিরাট কোহলি। তাঁর বাজার দর ২৩৭.৫ মিলিয়ন ডলার। দ্বিতীয় স্থানে রয়েছেন অভিনেতা অক্ষয় কুমার। তাঁর বাজার দর ১০৪.৫ মিলিয়ন ডলার। বলিউডের অভিনেতা দম্পতি রনবীর সিং ও দীপিকা পাড়ুকোন দু'জনেই ৯৩.৫ মিলিয়ন ডলার বাজার দর নিয়ে তৃতীয় স্থানে রয়েছেন। এই তালিকায় ক্রিকেটারদের মধ্যে বিরাটের থেকে অনেকটাই পিছিয়ে রয়েছেন মহেন্দ্র সিং ধোনি, শচীন তেন্ডুলকর ও রোহিত শর্মারা।



৩২৮ দিন মহাকাশে কাটিয়ে পৃথিবীর মাটিতে ফিরে ইতিহাস গড়লেন 'ন্যাশনাল অ্যারোনটিক্স অ্যান্ড স্পেস অ্যাডমিনিস্ট্রেশন'এর (NASA) মহাকাশচারী ক্রিস্টিনা কোচ। প্রথম মহিলা মহাকাশচারী হিসাবে এতদিন মহাকাশে কাটালেন তিনি। গত বছর ১৪ মার্চ পৃথিবী ছেড়েছিলেন তিনি। এর আগে নাসার মহাকাশচারী পেগি হুইটসন ২০১৬-'১৭ সালে মহিলা হিসাবে সর্বোচ্চ ২৮৯ দিন মহাকাশে কাটিয়ে আসেন। সেই নজির ভাঙলেন ৪১ বছর বয়সি ক্রিস্টিনা।

☐ মারা গেলেন মার্কিনি লেখক রজার কান (৯২ বছর)।

☞ এরপর ১৩ পাতায়

## কমন পেতে জরুরি তথ্য

প্রত্যেক সপ্তাহে বিশ্বে এমন অনেক ঘটনা ঘটে, যা চাকরির পরীক্ষায় সাম্প্রতিক ঘটনার প্রশ্ন হিসাবে আসে। কিন্তু কোন ঘটনা কমন আসবেই তা বুঝতে কালঘাম ছুটে যায়। তারই হদিশ দিতে চলছে এই নতুন বিভাগ।

# আকাদেমি পুরস্কার

**২০১৯ সালে হলিউড বা, আন্তর্জাতিক চলচ্চিত্র জগতের সেরা প্রতিভাদের সম্মান জানাতে, এবছর ৯ ফেব্রুয়ারি, মার্কিন যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার লস অ্যাঞ্জেলেসে, হলিউডের ডলবি থিয়েটারে, একটি জমকালো অনুষ্ঠানের মাধ্যমে অনুষ্ঠিত হল 'আকাদেমি অফ মোশন পিকচার আর্টস অ্যান্ড সায়েন্সেস'এর (AMPAS) মাধ্যমে প্রবর্তিত ৯২তম 'আকাদেমি পুরস্কার' (যা 'অস্কার' নামেও পরিচিত)। একনজরে এই পুরস্কারের খুঁটিনাটি।**

### আকাদেমি পুরস্কার সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য

* ১৯২৯ সালের ১৬ মে এই পুরস্কার দেওয়া শুরু হয়।
* এই পুরস্কার বিতরণী অনুষ্ঠান ১৯৩০ সালে প্রথমবার রেডিওতে সম্প্রচারিত হয়েছিল ও ১৯৫৩ সালে প্রথমবার টেলিভিশনে দেখানো হয়েছিল।
* গণমাধ্যমের সবথেকে পুরনো পুরস্কার বিতরণী অনুষ্ঠান এটি।
* এবছর এই পুরস্কার ৯২ তম বছরে পদার্পণ করল।
* ভারত প্রতি বছর অস্কারে অফিশিয়াল এন্ট্রি পাঠায়। এখনও পর্যন্ত কোনো ভারতীয় চলচ্চিত্র, 'সেরা বিদেশি চলচ্চিত্র' বিভাগে এই পুরস্কার জেতেনি। যদিও, কিছু ভারতীয় থিম এই মর্যাদাপূর্ণ পুরস্কার জিতেছে (উদাহরণ : গান্ধী ও স্লামডগ মিলিওনেয়ার)।
* এবছর এই অনুষ্ঠানটি মার্কিন যুক্তরাষ্ট্রে 'এবিসি'র মাধ্যমে সম্প্রচারিত হয়েছিল। প্রযোজনা করেছেন লিনেটে হোয়েল টেলর ও স্তেফানিয়ে অ্যালাইন। পরিচালনা করেছেন গ্লেন ওয়েইস।
* ৯২ বছরের আকাদেমি পুরস্কারের ইতিহাসে এই প্রথম কোনো অ-ইংরিজি চলচ্চিত্র (দক্ষিণ কোরিয়ান চলচ্চিত্র 'প্যারাসাইট') 'সেরা চলচ্চিত্র'এর পুরস্কার পেল। ফলে অস্কারের মঞ্চে নতুন ইতিহাস গড়ল এই চলচ্চিত্র।

### ইতিহাস

* ১৯২৯ সালের ১৬ মে, 'হলিউড রুজভেল্ট হোটেল'এ মার্কিনি অভিনেতা, পরিচালক, প্রযোজক ডগলাস ফেয়ারব্যাঙ্ক আয়োজিত একটি নৈশভোজ অনুষ্ঠানে ২৭০ জন দর্শকের উপস্থিতিতে প্রথম আকাদেমি পুরস্কার অনুষ্ঠানটি উপস্থাপিত হয়েছিল। সেই রাতের অনুষ্ঠানে অতিথিদের টিকিটের দাম ছিল ৫ ডলার। ১৯২৭-'২৮ সময়কালে, চলচ্চিত্র জগতের অসামান্য কাজগুলিকে সম্মান জানাতে ১৫ জনকে এই পুরস্কার দেওয়া হয়েছিল। অনুষ্ঠানটি ১৫ মিনিট ধরে চলেছিল। ৩ মাসে আগে পুরস্কার বিজয়ীদের নাম মিডিয়ায় ঘোষণা করা হয়েছিল। ১৯৩০ সালে দ্বিতীয় পুরস্কার বিতরণী অনুষ্ঠানে এই নিয়মে বদল আনা হয়। তারপরে, এই পুরস্কারের ফলাফল, পুরস্কার বিতরণী অনুষ্ঠানের দিন রাত ১১ টায় সংবাদপত্রে প্রকাশিত হত। ১৯৪০ সাল পর্যন্ত এই পদ্ধতি ব্যবহৃত হয়েছিল। এরপর 'লস অ্যাঞ্জেলেস টাইমস' অনুষ্ঠান শুরুর আগে বিজয়ীদের নাম ঘোষণা করেছিল। ফলস্বরূপ, ১৯৪১ সাল থেকে বিজয়ীদের নাম প্রকাশের জন্য একটি সিলযুক্ত খাম ব্যবহার করা হয়ে আসছে।

### নামকরণ

* ১৯৩৯ সালে, ট্রফির জন্য আনুষ্ঠানিকভাবে 'অস্কার' নামটি নিয়েছিল আকাদেমি। তবে, 'অস্কার' নামটির উৎপত্তি স্পষ্ট নয়। একটি আত্মজীবনীতে মার্কিনি অভিনেত্রী বেট্টে ডেভিস (১৯৪১ সালে আকাদেমির প্রেসিডেন্ট ছিলেন তিনি) দাবি করেছিলেন, তাঁর প্রথম স্বামী হারমন অস্কার নেলসনের নামে তিনি এই পুরস্কারের নাম 'অস্কার' রেখেছিলেন। আকাদেমির প্রাক্তন এক্সিকিউটিভ ডিরেক্টর মার্গারেট হেরিক ১৯৩১ সালে প্রথমবার পুরস্কারটিকে দেখে বলেছিলেন, এই মূর্তিটি তাঁকে তাঁর চাচা অস্কার পিয়ার্সের ডাকনাম 'চাচা অস্কার'কে মনে করিয়ে দিচ্ছে। মার্কিনি কলামিস্ট সিডনি স্কলস্কি দাবি করেন, তিনি 'অস্কার' নাম প্রদানকারী। তবে, এটি নিশ্চিত যে, ১৯৩১ সালে 'অস্কার' নামটি সর্বপ্রথম ব্যবহার করা হয়েছিল।

### অস্কার মূর্তি

* 'অস্কার'এর মডেলটি মেক্সিকান চলচ্চিত্র পরিচালক, অভিনেতা ও চিত্রনাট্যকার এমিলিও ফার্নান্দেজের আদলে তৈরি। আইরিশ-মার্কিনি আর্ট ডিরেক্টর ও প্রোডাকশন ডিজাইনার অস্টিন সেড্রিক গিবন্সের নকশার স্কেচ থেকে, পুরস্কারটির ভাস্কর্য তৈরি করেন মার্কিনি ভাস্কর্য শিল্পী জর্জ মেটল্যান্ড স্ট্যানলে। মূর্তিটি ৩৪.৩ সেন্টিমিটার লম্বা ও ৩.৮৫৬ কেজি ওজনবিশিষ্ট।

### একনজরে এবছরের অস্কার বিজয়ীরা



* চলচ্চিত্র : প্যারাসাইট।
* পরিচালক : বং জং হো।
* অভিনেতা : জোয়াকিন ফিনিক্স (জোকার)।
* অভিনেত্রী : রেনে জেলওয়েগার (জুডি)।
* পার্শ্ব অভিনেতা : ব্র্যাড পিট (ওয়ান্স আপন এ টাইম.....ইন হলিউড)।
* পার্শ্ব অভিনেত্রী : লরা ডার্ন (ম্যারেজ স্টোরি)।
* প্রোডাকশন ডিজাইন : ওয়ান্স আপন এ টাইম.....ইন হলিউড।
* ফিচার চলচ্চিত্র : প্যারাসাইট।
* ফিচার প্রামাণ্যচিত্র : আমেরিকান ফ্যাক্টরি।
* স্বল্পদৈর্ঘ্যের ফিচার প্রামাণ্যচিত্র : লার্নিং টু স্কেটবোর্ড ইন এ ওয়ারজোন (ইফ ইউ আর এ গার্ল)।
* সঙ্গীত : আই অ্যাম গোয়া লাভ মি এগেইন (রকেটম্যান)।
* মেকআপ অ্যান্ড হেয়ারস্টাইল : বোম্বশেল।
* অরিজিনাল স্কোর : জোকার।
* কস্টিউম ডিজাইন : জ্যাকুলিন দুরান (লিটল ওম্যান)।
* ভিজ্যুয়াল এফেক্টস : ১৯১৭।
* শব্দ মিশ্রণ : ১৯১৭।
* সিনেমাটোগ্রাফি : ১৯১৭ (রজার ডিকিন্স)।
* চলচ্চিত্র সম্পাদনা : ফোর্ড ভার্সাস ফেরারি (অ্যান্ড্রু বাকল্যান্ড ও মাইকেল ম্যাকাসকের)।
* অ্যানিমেশন চলচ্চিত্র : টয় স্টোরি ফোর।
* অ্যানিমেশন স্বল্পদৈর্ঘ্য : হেয়ার লাভ।
* মৌলিক চিত্রনাট্য : প্যারাসাইট (বং জং হো ও জিন ওন হান)।
* অ্যাডাপ্টেড চিত্রনাট্য : জোজো র‍্যাবিট (তাইকা ওয়েইটিটি)।
* লাইভ অ্যাকশন শর্টফিল্ম : দ্য নেবার্স উইনডো।



### যেসব ভারতীয়রা অস্কার পেয়েছেন

* **ভানু আথাইয়া :** ১৯৮৩ সালে প্রথম ভারতীয় হিসাবে এই পুরস্কার পেয়ে নজির গড়েন এই কস্টিউম ডিজাইনার। 'গান্ধী' চলচ্চিত্রের জন্য 'কস্টিউম ডিজাইন' বিভাগে আকাদেমি পুরস্কার পান তিনি।
* **সত্যজিৎ রায় :** 'পথের পাঁচালি' চলচ্চিত্রের জন্য, ১৯৯২ সালে 'জীবনকৃতি সম্মান' পান এই বাঙালি চলচ্চিত্র পরিচালক। প্রথম ভারতীয় হিসাবে 'জীবনকৃতি সম্মান' পেয়ে নজির গড়েন তিনি।



* **রেসুল পুকুট্টি, আল্লারাখা রহমান ও গুলজার :** 'স্লামডগ মিলিওনেয়ার' চলচ্চিত্রের জন্য, ২০০৯ সালে 'সাউন্ড মিক্সিং' বিভাগে এই পুরস্কার পান রেসুল পুকুট্টি। সে বছরই এই একই চলচ্চিত্রের জন্য 'অরিজিনাল স্কোর' বিভাগে এই পুরস্কার পান আল্লারাখা রহমান। আবার, এই একই বছর একই চলচ্চিত্রের জন্য 'অরিজিনাল সং' ('জয় হো' গানটির জন্য) বিভাগে একসঙ্গে এই পুরস্কার পান আল্লারাখা রহমান ও গুলজার। প্রথম ভারতীয় হিসাবে ২টি অস্কার পেয়ে নজির গড়েন আল্লারাখা রহমান।

১২ পাতার পর

তাঁর রচিত বিখ্যাত বই 'The Boys of Summer' ১৯৭২ সালে বেস্ট সেলার বই হিসাবে চিহ্নিত হয়েছিল।

দীর্ঘদিন ধরে অসুস্থ থাকার পর মারা গেলেন 'কুইন অফ ক্যাবারে' নামে পরিচিত মিস শেফালি (৭৬ বছর)। তাঁর আসল নাম আরতি দাস।



ছয়ের দশকের খ্যাতনামা নর্তকী তো বটেই, কলকাতার প্রথম ক্যাবারে ডান্সার ছিলেন তিনিই।

□ বিশ্বের ১৩২টি দেশের মধ্যে সমীক্ষা চালিয়ে, মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক সিইওওয়ার্ল্ড ম্যাগাজিন জানিয়েছে, বিলাসবহুল জীবনযাত্রায় বিশ্বের মধ্যে সবথেকে এগিয়ে রয়েছে সুইৎজারল্যান্ড। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে নরওয়ে ও আইসল্যান্ড। এই তালিকায় ভারতের স্থান ১৩০। সবথেকে শেষে রয়েছে পাক-ই-স্তান।

□ ভারতের প্রথম কাঁচের সেতু হিসাবে তৈরি হবে লছমনঝুলা। সেতুর মাঝখানে ও দু'ধারে থাকবে কাঁচ। সেতু পার করতে করতে মানুষ নীচের দিকে সরাসরি গঙ্গাকে দেখতে পাবেন। মোট ৮ মিটার চওড়া ও ১৩২ মিটার লম্বা সেতুটির রাস্তার দু'ধারে ১.৫ মিটার চওড়া কাঁচের মেঝে থাকবে। এই নতুন নকশার সেতুটি তৈরির প্রায় ১৫০ বছর পরেও একইরকম থাকবে। গত বছর ব্যাপক বিপর্যয়ের জেরে ভেঙে পড়েছিল ১৯২৩ সালে তৈরি হওয়া এই লছমনঝুলা সেতু। তারপর সাধারণ মানুষের চলাচলের জন্য বিপজ্জনক ঘোষণা করে বন্ধ করে দেওয়া হয় হৃষিকেশের গঙ্গার ওপর এই ঐতিহ্যবাহী সেতু।

□ 'কান্নুর বিশ্ববিদ্যালয়'এর তরফ থেকে ডি লিট সম্মান পেলেন ভারতীয় অ্যাথলেটিক্সের সর্বকালের সেরা অ্যাথলিট পিলাভুল্লাকান্দি থেক্কেপারাম্বিল উষা।

**৭ ফেব্রুয়ারি :** কয়লাখনির যথাযথ কয়লা উত্তোলনের জন্য, 'সায়েন্স অ্যান্ড অ্যাপ্লায়েড রিসার্চ অ্যালিয়েন্স অ্যান্ড সাপোর্ট' (SARAS) নামে একটি গবেষণা ও উন্নয়ন কেন্দ্রের সূচনা করল নর্দার্ন কোল ফিল্ড লিমিটেড। নর্দার্ন কোল ফিল্ড লিমিটেডের চেয়ারম্যান কাম ম্যানেজিং ডিরেক্টর এখন প্রভাত কুমার সিনহা।

□ রাজ্যের সব যোগ্য পরিবারকে সামাজিক সুরক্ষা দেওয়ার লক্ষ্যে, 'মুখ্যমন্ত্রী পরিবার সমৃদ্ধি যোজনা' চালু করলেন হরিয়ানার মুখ্যমন্ত্রী মনোহর লাল খট্টর। এই প্রকল্পের আওতায়, রাজ্যের যেসব পরিবারের বার্ষিক আয় ১.৮০ লাখ টাকা পর্যন্ত ও জমির পরিমাণ ৫ একরেরও কম, তাঁদের বার্ষিক ৬,০০০ টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হবে। এই প্রকল্পের আওতায় দেওয়া অর্থের অংশটি কেন্দ্রীয় ও রাজ্য সরকার পরিচালিত বিভিন্ন সামাজিক সুরক্ষা ও বিমা প্রকল্পের প্রিমিয়াম দিতে ব্যবহার করা হবে।

**৮ ফেব্রুয়ারি :** উত্তরাখণ্ডের দেরাদুনের সহস্রধারা হেলিপ্যাড থেকে গওচর ও চিনিয়ালিসৌর পর্যন্ত প্রথমবারের মতো হেলিকপ্টার পরিষেবা চালু করল কেন্দ্রীয় বেসামরিক বিমান পরিবহণ মন্ত্রক (MoCA)। কেন্দ্রীয় সরকারের 'রিজিওনাল কানেক্টিভিটি স্কিম — উড়ে দেশ কা আম নাগরিক' (RCS-UDAN) এর আওতায় এটি চালু হয়েছে। ২০১৭ সালের ২৭ এপ্রিল, দিল্লিতে 'উড়ে দেশ কা আম নাগরিক' প্রকল্প চালু করেছিল কেন্দ্রীয় বেসামরিক বিমান পরিবহণ মন্ত্রক।

□ 'মিস্টিক কলিঙ্গ সাহিত্য পুরস্কার' পেলেন ওড়িয়া ও ইংরিজি ভাষার লেখক মনোজ দাশ। ২ দিন ব্যাপী চতুর্থ 'মিস্টিক কলিঙ্গ উৎসব'এ তিনি এই পুরস্কার পেয়েছেন। প্রসিদ্ধ ও অনুপ্রেরণাকারী লেখক, কবিদের স্বীকৃতি দেওয়ার জন্য এই পুরস্কার প্রতিষ্ঠিত হয়েছে।

□ ভারতীয় সেনা জওয়ানদের মাথা সুরক্ষিত রাখার উদ্দেশ্যে, বিশ্বের প্রথম বুলেটপ্রুফ হেলমেট তৈরি করে নজির গড়লেন ভারতীয় সেনা মেজর অনুপ মিশ্র। 'পার্থ' নামের এই ব্যালিস্টিক হেলমেটটি ভারতীয় সেনার 'অভেদ্য' প্রজেক্টে তৈরি করা হয়েছে। মাত্র ১ কিলো ৪০০ গ্রাম ওজনের এই হেলমেটটি ১০ মিটার দূর থেকে আসা 'একে ৪৭'এর গুলি থেকে শুরু করে সব আধুনিক আগ্নেয়াস্ত্রের গুলি রুখতে সক্ষম। কিছুদিন আগেই বুলেটপ্রুফ জ্যাকেট তৈরি করে সবাইকে তাক লাগিয়ে দিয়েছিলেন তিনি।

□ রাজামুন্দ্রিতে, রাজ্যের প্রথম দিশা পুলিশ স্টেশনের উদ্বোধন করলেন আন্ধ্রা প্রদেশের মুখ্যমন্ত্রী ইয়েদুগুরি সান্দিনতি জগমোহন রেড্ডি। দিশা পুলিশ স্টেশন হল একটি বিশেষ মডেল স্টেশন, যা যৌন নির্যাতনের শিকার হওয়া (ধর্ষণ), যৌন হয়রানি ও শিশুদের যৌন অপরাধ থেকে সুরক্ষা (পকসো) আইন, ২০১২ অনুসারে দ্রুত বিচারের লক্ষ্যে কাজ করবে।

□ জাপানের টেবিল টেনিস প্রিমিয়ার লিগে খেলার জন্য চুক্তিবদ্ধ হলেন ভারতের সাথিয়ান জ্ঞানশেখরন। প্রথম ভারতীয় টেবিল টেনিস খেলোয়াড় হিসাবে, এই সম্মান পেলেন তিনি। এর আগে কোনো ভারতীয়, বিশ্বের অন্যতম সেরা এই লিগে খেলার সুযোগ পাননি। ওকায়ামা রিভেটসের হয়ে খেলবেন তিনি।

## রাজ্য বাজেট



২০২০-'২১ আর্থিক বছরের জন্য, বিধানসভায় পূর্ণাঙ্গ বাজেট পেশ করলেন পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী ড. অমিত মিত্র। একনজরে বাজেটে ঘোষিত সব প্রকল্প :

□ **কর্মসাথী :** রাজ্যের বেকার যুবক-যুবতীদের অর্থনৈতিকভাবে স্বনির্ভর করে তুলতে, চালু হচ্ছে 'কর্মসাথী' প্রকল্প। এই প্রকল্পের আওতায়, ২ লাখ টাকা পর্যন্ত সহজ শর্তে ঋণ ও ভর্তুকি দেওয়ার ব্যবস্থা থাকবে। এজন্য বরাদ্দ করা হয়েছে ৫০০ কোটি টাকা। এর ফলে ৩ বছরে ১ লাখ করে যুবক-যুবতী উপকৃত হবেন।

□ **হাসির আলো :** এই প্রকল্পের আওতায়, দারিদ্র্সীমার নীচে থাকা গ্রামীণ ও শহরাঞ্চলের মানুষদের ৩ মাসে ৭৫ ইউনিট বিদ্যুৎ ব্যবহারের জন্য কোনো টাকা দিতে হবে না। এজন্য বরাদ্দ করা হয়েছে ২০০ কোটি টাকা। উপকৃত হবেন প্রায় ৩৫ লাখ গরিব পরিবার।

□ **বাংলাশ্রী :** ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পের উন্নয়নের জন্য 'বাংলাশ্রী' প্রকল্প চালু করছে রাজ্য সরকার। এর ফলে নতুন ক্ষুদ্রশিল্প স্থাপন ও কর্মসংস্থানের সুযোগ বাড়বে। এজন্য বরাদ্দ করা হয়েছে ১০০ কোটি টাকা।

□ **চা-সুন্দরী :** চা বাগানের গৃহহীন শ্রমিকদের আবাসন দেওয়ার জন্য এই প্রকল্প চালু হচ্ছে। এই প্রকল্পে আগামী ৩ বছরে স্থায়ীভাবে কর্মরত গৃহহীনদের জন্য আবাসন গড়তে ৫০০ কোটি টাকা খরচ হবে।

□ **বন্ধু প্রকল্প :** এই প্রকল্পের আওতায়, ৬০ বছরের বেশি বয়সের তপশিলি জাতির মানুষ, যাঁরা কোনো অবসরভাতা পান না, তাঁদের মাসে ১,০০০ টাকা করে বার্ধক্য ভাতা দেওয়া হবে। ১০০% তপশিলি জাতির মানুষকেই এই প্রকল্পের আওতায় আনা হবে। এজন্য বরাদ্দ করা হয়েছে ২ হাজার ৫০০ কোটি টাকা। উপকৃত হবেন ২১ লাখ মানুষ।

□ **জয়জহার :** ৬০ বছরের বেশি বয়সের আদিবাসী ও তপশিলি উপজাতির মানুষ, যাঁরা কোনো অবসরভাতা পান না, তাঁদের প্রতি মাসে ১,০০০ টাকা করে বার্ধক্য ভাতা দেওয়া হবে। এজন্য বরাদ্দ করা হয়েছে ৫০০ কোটি টাকা। উপকৃত হবেন প্রায় ৪ লাখ মানুষ।

□ মেলবোর্ন স্টার্স দলকে ১৯ রানে হারিয়ে, বিগ ব্যাশ লিগে চ্যাম্পিয়ন হল সিডনি সিক্সার্স।

**৯ ফেব্রুয়ারি :** সব অটোরিকশা চালকের পরিচয় যাচাই করতে, 'অপারেশন নাকাইল' চালু করল গাজিয়াবাদ পুলিশ। এই উদ্যোগের আওতায়, শহরের প্রতিটি অটোরিকশায় ৪ অঙ্কের নম্বর বরাদ্দ থাকবে। এর ফলে চালক ও দুর্বৃত্তরা যাতে অপরাধের পরে পালিয়ে যেতে না পারেন, তা নিশ্চিত করা যাবে খুব তাড়াতাড়ি। গাড়ির মালিককে অটোরিকশার সামনে গাড়ির নম্বর, নাম ও মোবাইল নম্বর এঁকে রাখতে হবে, যা তাঁদের শনাক্ত করতে সাহায্য করবে।

□ কোচিংয়ের ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য, 'আন্তর্জাতিক অলিম্পিক কমিটি'র (IOC) তরফ থেকে পুরুষদের বিভাগে কোচ জীবনকৃতি সম্মান পেলেন ভারতের প্রধান ব্যাডমিন্টন কোচ পুল্লেলা গোপীচাঁদ। তিনি প্রাক্তন ব্যাডমিন্টন খেলোয়াড়। প্রকাশ পাড়ুকোনের পর, ২০০১ সালে দ্বিতীয় ভারতীয় হিসাবে 'অল ইংল্যান্ড ওপেন ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপ'এর খেতাব জেতেন তিনি।

□ ছত্তিশগড়ের রাজধানী রায়পুরের উত্তর-পূর্বে অবস্থিত যশপুর শহরকে প্রথম তামাক মুক্ত শহর হিসাবে ঘোষণা করল 'অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস'এর (মাস্টার অফ পাব্লিক হেলথ কোর্স কোঅর্ডিনেশন) জরিপ দল।

□ জুবিলি বাস স্টেশন (JBS) থেকে মহাত্মা গান্ধী বাস স্টেশনের (MGBS) মধ্যে, হায়দরাবাদ মেট্রো রেল প্রকল্পের ১১ কিলোমিটার লাইনের সূচনা করলেন তেলেঙ্গানার মুখ্যমন্ত্রী কালভাকুন্তলা চন্দ্রশেখর রাও। এর ফলে, দিল্লি মেট্রোর পর, দেশের দ্বিতীয় বৃহত্তম অপারেশনাল মেট্রো নেটওয়ার্কে পরিণত হল হায়দরাবাদ মেট্রো রেল। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, বিশ্বের দ্বিতীয় বৃহত্তম পাব্লিক-প্রাইভেট-পার্টনারশিপ প্রকল্প হায়দরাবাদ মেট্রো রেল এখন দেশের ৬৯.২ কিলোমিটার জুড়ে বিস্তৃত।

□ নয়াদিল্লিতে, ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি ড. এপিজে আব্দুল কালামের বায়োপিকের প্রথম ছবি প্রকাশ করলেন কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী প্রকাশ জাভড়েকর। এবছরের শেষের দিকে মুক্তি পেতে চলা এই বায়োপিকের নাম 'এপিজে আব্দুল কালাম : দ্য মিসাইল ম্যান'। হলিউড ও তেলুগু চলচ্চিত্র জগতের যৌথ উদ্যোগে তৈরি এই চলচ্চিত্রটিতে ড. কালামের ভূমিকায় অভিনয় করবেন হলিউড অভিনেতা মুহাম্মদ আলি।



ভারতকে হারিয়ে দক্ষিণ আফ্রিকায়, প্রথমবার আই.সি.সি অনূর্ধ্ব-১৯ ক্রিকেট বিশ্বকাপে চ্যাম্পিয়ন হল বাংলাদেশ। ১৭ জানুয়ারি থেকে ৯ ফেব্রুয়ারি পর্যন্ত চলল এবছরের এই বিশ্বকাপ। মোট ১৬টি দল অংশ নিয়েছিল বিশ্বকাপে। 'ম্যান অফ দ্য ম্যাচ' হলেন আকবর আলি (বাংলাদেশের অধিনায়ক), 'ম্যান অফ দ্য সিরিজ' হলেন ভারতের যশস্বী জয়সওয়াল।

□ স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়াকে ৬-০ গোলে হারিয়ে, মহিলা সিনিয়র জাতীয় হকিতে চ্যাম্পিয়ন হল হরিয়ানা।

এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

বেরিয়েছে

শিলাদিত্য ফেব্রুয়ারি ২০২০

পরিবেশ

বিশ্বগ্রাসী হয়ে উঠেছে আর্সেনিক। মাটির গভীরে জলস্তর থেকে উঠে আসা সেঁকো বিষ বা আর্সেনিক এখন লক্ষ লক্ষ মানুষের শরীরে রাসায়নিক বিক্রিয়ায় মৃত্যুকে ডেকে আনছে দ্রুত। আর্সেনিকের ভয়াবহতা নিয়ে লিখেছেন নারায়ণ দাশ।



ভাত বাঙালির সবচেয়ে প্রিয় ও প্রয়োজনীয় খাদ্য। প্রাচীন যুগ থেকে আধুনিক কাল পর্যন্ত ভাত নিয়ে নানা প্রবাদ প্রবচন ও জীবনধারণে তার মাহাত্ম্য 'অন্নচিন্তা চমৎকারা'তে বর্ণনা করলেন আলপনা ঘোষ।



সমর বা যুদ্ধ নিয়ে আজ পৃথিবী উদ্বিগ্ন। কেন? যুদ্ধকে অমর করে রাখতে যুদ্ধবাজদের চেষ্টার শেষ নেই। কেন? এর উত্তর দিলেন মণীশ নন্দী, তাঁর প্রবাস মনন-এ।

WhatsApp Group
STUDY_MATERIALS_LINK
PSC_GROUP D_RAIL
TARGET__WBTET
TET__পর্যালোচনা
GK+GI+GS+CA

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

## পাব্লিক সার্ভিসের

■ *২০২০ সালে পি.এস.সি.'র পরীক্ষা কবে হবে? ফর্ম পূরণ কবে থেকে? এই পরীক্ষার সিলেবাস জানাবেন। — তথাগত, বহরমপুর, মুর্শিদাবাদ।*

■■ সারা বছরে পি.এস.সি. অনেক পরীক্ষা নিয়ে থাকে। কোন পরীক্ষার জন্য জানতে চাইছেন, তা উল্লেখ না করলে উত্তর দেওয়া সম্ভব নয়।

■ *পি.এস.সি.'র উদ্যান পালন প্রযুক্তি পরীক্ষার সিলেবাস জানতে চাই। এই পরীক্ষা কবে হবে? — অরিজিৎ মন্ডল, কানাইকাটি, হিঙ্গলগঞ্জ, উত্তর ২৪ পরগনা।*

**২০১৮ সালের ডব্লু.বি.সি.এস. মেনসের 'সি' গ্রুপের ফল বেরিয়েছে। সফলদের পার্সোন্যালিটি টেস্ট শুরু হবে ২৫ ফেব্রুয়ারি থেকে।**

■■ এই পদের পরীক্ষা হবে ১৭ মে। পি.এস.সি. কর্তৃপক্ষ এখনো সিলেবাস প্রকাশ করেনি। খুব শিগগিরই ওয়েবসাইটে সিলেবাস আপলোড করবে।

■ *ক্লার্কশিপের যে পরীক্ষা ২৫ জানুয়ারি হয়েছিল, তার ফল কবে বেরোবে? পার্ট-টু পরীক্ষা কবে হবে? এই পরীক্ষায় কী কী বিষয় থাকে? — মৃণাল রায়। পার্থ ঘোষ, হৃদয়পুর, উত্তর ২৪ পরগনা।*

■■ ক্লার্কশিপ পরীক্ষার ফল বেরোবে এপ্রিলের শেষে কিংবা মে মাসের প্রথম দিকে। পার্ট-টু পরীক্ষা হবে ১৪ জুন। এই পরীক্ষায় প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। এইসব বিষয়ে: (ক) ইংরিজি-৫০ নম্বর। এই পেপারে থাকবে রিপোর্ট লেখা, সামারি বা, প্রেসি লেখা, বাংলা থেকে ইংরিজিতে অনুবাদ করা। (খ) বাংলা/হিন্দি /নেপালী / উর্দু /সাঁওতাড়-৫০ নম্বর। সময় থাকবে ১ ঘণ্টা। এই পেপারে থাকবে রিপোর্ট লেখা, সামারি বা, প্রেসি লেখা, ইংরিজি থেকে বাংলায় অনুবাদ করা।

■ *ডব্লু.বি.সি.এস. হতে হলে কেমন যোগ্যতা দরকার? — নন্দন দেবনাথ, ক্ষুদিরাম সরণী, কোচবিহার।*

■■ যেকোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে 'এ', 'সি' গ্রুপের বেলায় ২১ থেকে ৩৬ বছরের মধ্যে। আর 'বি' গ্রুপের বেলায় ২০ থেকে ৩৬ বছরের মধ্যে। আর 'ডি' গ্রুপের বেলায় ২১ থেকে ৩৯ বছরের মধ্যে। বিজ্ঞপ্তি বেরোবে নভেম্বর মাস নাগাদ। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে প্রিলিমিনারি পরীক্ষা হয়। তাতে সফল হলে মেন পরীক্ষা। তারপর ইন্টারভিউ। প্রিলিমিনারি পরীক্ষা হয় ফেব্রুয়ারিতে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিসে শিক্ষক ও লাইব্রেরিয়ান | গ্র্যাজুয়েট পোস্ট-গ্র্যাজুয়েট | ৩,৩৩২ | ২৩-২-২০ | http://dsssbonline.nic.in |
| আই.আই.টি. খড়্গপুরে অ্যাসিস্ট্যান্ট, টেকনিশিয়ান | গ্র্যাজুয়েট, ডিপ্লোমা | ৭৭ | ২৪-২-২০ | www.iitkgp.ac.in |
| কেন্দ্রীয় বিদ্যালয়ে 'সি-টেট' পরীক্ষার মাধ্যমে শিক্ষক | গ্র্যাজুয়েট | - | ২৪-২-২০ | www.ctet.nic.in |
| রাজ্যে ডিস্ট্রিক্ট অর্গানাইজার | গ্র্যাজুয়েট | ১৭ | ২৪-২-২০ | www.pscwbapplication.in |
| পশ্চিম মধ্য রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ২০০ | ২৬-২-২০ | www.mponline.gov.in |
| দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিসে ফী কালেক্টর, অ্যাসিস্ট্যান্ট | উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট | ২৮৯ | ২৭-২-২০ | http://dsssbonline.nic.in |
| পারমাণবিক শক্তি দফতরে অ্যাপ্রেন্টিস | আই.টি.আই. | ৭০ | ২৮-২-২০ | www.rrcat.gov.in |
| মুগবেড়িয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কে গ্রুপ-সি ও গ্রুপ -ডি | ক্লাস এইট পাশ ও মাধ্যমিক | ২৭ | ২৯-২-২০ | - |
| ইউ.পি.এস.সি.'র সিভিল সার্ভিস পরীক্ষার মাধ্যমে সেরা অফিসার | গ্র্যাজুয়েট | - | ৩-৩-২০ | www.upsconline.nic.in |
| গেইলে এক্সিকিউটিভ | গ্র্যাজুয়েট | - | ৩-৩-২০ | www.gailonline.com |
| ইসরোতে টেকনিশিয়ান ও অ্যাসিস্ট্যান্ট | আই.টি.আই. ও ডিপ্লোমা | ১৮২ | ৬-৩-২০ | www.isro.gov.in |
| কোলফিল্ডে টেকনিশিয়ান নার্স | ডিপ্লোমা | ৪৪ | ১০-৩-২০ | www.nclcil.in |
| দিল্লি হাই কোর্টে জুডিশিয়াল অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ১৩২ | ১১-৩-২০ | www.delhidistrictcourts.nic.in |
| পূর্ব রেলের শিয়ালদহ, হাওড়া, মালদহ, আসানসোল ডিভিশনে অ্যাপ্রেন্টিস | আই.টি.আই পাশ | ২,৭৯২ | ১৩-৩-২০ | www.rrcer.com |
| বি.এস.এফ.-এ কনস্টেবল হেড কনস্টেবল | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক | ৩১৭ | ১৪-৩-২০ | www.bsf.nic.in |
| বি.এস.এফ.-এ কনস্টেবল হেড কনস্টেবল | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক | ৩১৭ | ১৪-৩-২০ | www.bsf.nic.in |
| বি.এস.এফ.-এ কনস্টেবল হেড কনস্টেবল | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক | ৩১৭ | ১৪-৩-২০ | www.bsf.nic.in |
| ঝাড়খণ্ড রাজ্যে সেনাবাহিনীর র‍্যালি | এইট, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক | - | ২০-৩-২০ | www.joinindianarmy.nic.in |
| গ্যাংটক রাজ্যে সেনাবাহিনীর র‍্যালি | এইট, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক | - | ২১-৪-২০ | www.joinindianarmy.nic.in |

## রেলে চাকরির

■ *রেলের গ্রুপ-ডি পদের পরীক্ষা কবে হবে? — সুজয় বাউরি, ইন্দপুর, বাঁকুড়া। অনিমেষ প্রামাণিক, নদিয়া সুন্দলপুর, হোগলবেড়িয়া, নদিয়া।*

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

■ *রেলে গ্রুপ-ডি পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা দরকার? বয়স কত থাকতে হবে? — তানজিমা খাতুন, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।*

■■ মাধ্যমিক বা, আই.টি.আই. পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে।

## ব্যাঙ্কে চাকরির

■ *ব্যাঙ্কের ক্লার্কশিপ পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা দরকার? কীভাবে প্রস্তুতি নেওয়া দরকার? — মৌলি সাহা, কলেজপাড়া, আলিপুরদুয়ার।*

■■ যেকোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটার অপারেশন / ল্যাঙ্গোয়েজের সার্টিফিকেট /ডিপ্লোমা / ডিগ্রি কোর্স পাশ হতে হবে। স্কুল / কলেজ / ইনস্টিটিউটে কম্পিউটার /ইনফর্মেশন টেকনোলজি একটি অন্যতম বিষয় হিসাবে নিয়ে থাকলে কম্পিউটারের ডিগ্রি / ডিপ্লোমা / সার্টিফিকেট কোর্স পাশ না হলেও হবে। বয়স হতে হবে ২০ থেকে ২৮ বছরের মধ্যে। প্রস্তুতি নিতে হলে বিগত বছরের প্রশ্নপত্রগুলি সলভ করুন। ভালো হয় কোনো প্রতিষ্ঠানে সঠিক গাইডেন্স নেওয়া।

## পুলিশে চাকরির

■ *কলকাতা পুলিশে কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর পদের বিজ্ঞপ্তি কি এখন্ও বেরোবে? এই পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা ও বয়স থাকা দরকার? প্রার্থী বাছাই পরীক্ষায় কী কী বিষয় থাকবে? — নিতাইচাঁদ সাহা, গোচারণ, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ কলকাতা পুলিশে খুব শিগগিরই প্রায় ৩ হাজার শূন্যপদ পূরণ করা হবে। স্বরাষ্ট্র দফতর সূত্রে খবর, কলকাতা পুলিশে গ্রুপ-বি ও গ্রুপ সি পদে ৪,৫৯৭টি শূন্যপদের মধ্যে ২,২৯৮টি শূন্যপদে নিয়োগের অনুমোদন দিয়েছে নবান্ন। এই শূন্যপদের মধ্যে আছে কনস্টেবল পদে ১,৫০০টি, মহিলা কনস্টেবল পদে ২৮৫টি, ড্রাইভার পদে ১৭৫টি। খুব শিগগিরই এইসব পদের বিজ্ঞপ্তি দিয়ে দরখাস্ত নেওয়া হবে।

**পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের অধীন ওয়ার্ডার বা, ফিমেল ওয়ার্ডার পদের লিখিত পরীক্ষার ফল বেরিয়েছে। সফলদের শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে ২ মার্চ থেকে ৬ মার্চ।**

**পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের অধীন এক্সাইজের সাব-ইন্সপেক্টর ও লেডি সাব-ইন্সপেক্টর পদের চূড়ান্ত ফল বেরোল। সফলদের রোল নম্বরের তালিকা পাবেন এই ওয়েবসাইটে :**

**www.wbpolice.gov.in**

মাধ্যমিক পাশ ছেলেরা 'কনস্টেবল' ও মেয়েরা 'লেডি কনস্টেবল' পদের জন্য আবেদন করতে পারেন।

শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৭ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৮ সেমি ও ফুলিয়ে ৮৩ সেমি। ওজন হতে হবে উচ্চতা ও বয়সের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। শরীরের মাপজোখ হতে হবে মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৬০ সেমি। ওজন হতে হবে উচ্চতা ও বয়সের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। বুকের ছাতি না-ফুলিয়ে ৭৬ সেমি ও ফুলিয়ে ৮১ সেমি আর উচ্চতা ও বয়সের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে।

যেকোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা ২০ থেকে ২৭ বছরের মধ্যে বয়স থাকলে সাব-ইন্সপেক্টর পদের জন্য আবেদন করতে পারেন।

ওপরের দুই পদের বেলায়ই প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে লিখিত পরীক্ষা হবে। তারপর শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। তারপর মেন লিখিত পরীক্ষা। তারপর ডাক্তারি পরীক্ষা।

■ *পশ্চিমবঙ্গ আবগারি কনস্টেবল পদের ফল কবে বেরোবে? — সুভাষ বর্মন, বাঙালিবাজনা, মাদারিহাট, আলিপুরদুয়ার।*

■■ ফল শিগগিরই বেরোচ্ছে। তবে সাব-ইন্সপেক্টর ও লেডি ইন্সপেক্টর পদের চূড়ান্ত ফল বেরিয়েছে।

## স্টাফ সিলেকশনের

■ *কেন্দ্রীয় ৮ বাহিনীর কনস্টেবল জেনারেল ডিউটি পদের বেলায় শুধুমাত্র মাধ্যমিক পাশ হলেই হয়, না মাধ্যমিকে কোনো নম্বরের কড়াকড়ি আছে? এন.সি.সি.'র সার্টিফিকেট থাকলে কি লিখিত পরীক্ষা দিতে হয়? আর্মিতে হাই জাম্প কতটা দিতে হয়? আর্মিতে আগে লিখিত পরীক্ষা হয়, না ডাক্তারি পরীক্ষা হয়? — অভিরাম মাহাতো, করণদিঘী, উত্তর দিনাজপুর।*

■■ কেন্দ্রীয় ৮ বাহিনীর কনস্টেবল পদের বেলায় শুধুমাত্র মাধ্যমিক পাশ হলেই যোগ্য। নম্বরের কোনো কড়াকড়ি নেই। এন.সি.সি.'র সার্টিফিকেট থাকলেও লিখিত পরীক্ষা দিতে হবে। আর্মিতে শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকে — ১.৬ কিমি দৌড়। ৫ মিনিট ৩০ সেকেন্ডে সম্পূর্ণ করলে ৬০ নম্বর, ৫.৩১ মিনিট থেকে ৫.৪৫ মিনিটে সম্পূর্ণ করলে ৪৮ নম্বর, তার নীচে হলে ফেল করবেন। (২) বিম টেস্ট (পুল আপ)। ১০ বার বা, তার বেশি হলে ৪০ নম্বর, ৯ বার করলে ৩৩ নম্বর, ৮ বার করলে ২৭ নম্বর, ৭ বার করলে ২১ নম্বর, ৬ বার করলে ১৬ নম্বর। (৩) ৯ ফুট গর্ত পেরোনো। (৪) জিগ-জাগ ব্যালান্স টেস্ট। আর্মিতে প্রথমে শারীরিক মাপজোখ, শারীরিক সক্ষমতার পরীক্ষা হয়। তাতে সফল হলে ডাক্তারি পরীক্ষা। তারপর হয় লিখিত পরীক্ষা।

## প্রাইমারি চাকরির

■ *এম.এসসি. পাশ করার পর বি.এড. করেছি। প্রাইমারি 'টেট' দিতে পারব কি? না ডি.এল.এড. কোর্স পাশ হতে হবে? — সৌরদীপ ঘোষ, চুঁচুড়া, হুগলি।*

■■ প্রাইমারি টেট'এর জন্য ডি.এল.এড. কোর্স পাশ হতে হবে।

## স্কুল সার্ভিসের

■ *উচ্চমাধ্যমিকে ৫৩% নম্বর পেয়ে পাশ করেছি। তারপর ৩৪% নম্বর পেয়ে গ্র্যাজুয়েট হয়েছি। এখন ডি.এল.এড. কোর্স পাশ করলে আমার প্রাইমারির জন্য যোগ্য কি? — কুমার মুর্মু, ব্রজপুর, পুরুলিয়া।*

■■ না, যোগ্য নন।

এই বিভাগে উত্তর পেতে হলে চিঠি লিখুন পোস্টকার্ডে কিংবা ই-মেল করে। তাতে নিজের নাম-ঠিকানা ও ফোন নং লিখবেন। পোস্ট কার্ডে লিখলে ঠিকানার জায়গায় নিচের অংশটি কেটে আঠা দিয়ে সেঁটে দেবেন। জিজ্ঞাসা বিভাগের পরের শূন্যস্থানে কোন বিভাগের চিঠি (রেল, স্কুল সার্ভিস, ব্যাঙ্ক, পি.এস.সি. কোর্স কিনা) তা লিখে দেবেন। E-mail করবেন এই নম্বরে: karmajiggasa@gmail.com ই-মেল করলে নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করতে হবে।

**কর্মসংস্থান**
জিজ্ঞাসা বিভাগ
.......................
১২ /৩ /৪, জামির লেন
কলকাতা-৭০০ ০১৯